# সূচীপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| **আদিকাণ্ড** | | |
| নারায়ণের চারি অংশে প্রকাশ-বিবরণ | ... | ১ |
| রামনামে রত্নাকরের পাপক্ষয় | ... | ৩ |
| ব্রহ্মাকর্ত্তৃক রত্নাকরের বাল্মীকি নাম ও রামায়ণ রচনা-করণের বর দান | ... | ৫ |
| নারদকর্ত্তৃক বাল্মীকিকে রামায়ণের আভাস প্রকাশ | ... | ৫ |
| চন্দ্রবংশের উপাখ্যান | ... | ৬ |
| সূর্য্যবংশের উপাখ্যান ও মান্ধাতার জন্ম | ... | ৬ |
| সূর্য্যবংশ নির্ব্বংশ এবং অযোধ্যায় হারীতের রাজা-হওন বৃত্তান্ত | ... | ৭ |
| রাজা হরিশ্চন্দ্রের উপাখ্যান | ... | ৮ |
| সগরবংশ-উপাখ্যান | ... | ১৪ |
| সগরের অশ্বমেধ যজ্ঞারম্ভ ও বংশনাশের বিবরণ | ... | ১৫ |
| কপিল ঋষিকর্ত্তৃক সগরবংশ উদ্ধারের উপায় কথন | ... | ১৬ |
| গঙ্গার জন্ম-বিবরণ ও মর্ত্ত্যলোকে সগরের গঙ্গা আনয়নের উপায় এবং ভগীরথের জন্ম | ... | ১৭ |
| ভগীরথের দেব-আরাধনাদ্বারা মর্ত্ত্যে গঙ্গা আনয়নের বৃত্তান্ত | ... | ১৮ |
| হরিদ্বার, পাতাল, ত্রিবেণী ইত্যাদিতে গঙ্গার ভ্রমণ | ... | ২০ |
| মহাদেবের গঙ্গার বেগ ধারণ | ... | ২২ |
| কাণ্ডার মুনির অস্থি গঙ্গায় পতনে বৈকুণ্ঠে গমন | ... | ২৩ |
| সগরবংশ উদ্ধার | ... | ২৪ |
| গঙ্গার মাহাত্ম্য বর্ণন | ... | ২৫ |
| রাজা সৌদাসের উপাখ্যান | ... | ২৫ |
| দিলীপের অশ্বমেধ যজ্ঞ-বিবরণ | ... | ২৭ |
| রঘুরাজার দানকীর্ত্তি | ... | ২৮ |
| অজ রাজার বিবাহ ও দশরথের জন্ম-বিবরণ | ... | ৩০ |
| দশরথের রাজা হওন বিবরণ | ... | ৩২ |
| রাজা দশরথের সহিত কৌশল্যার বিবাহ | ... | ৩৩ |
| দশরথের সহিত কৈকেয়ীর বিবাহ | ... | ৩৩ |
| রাজা দশরথের সহিত সুমিত্রার বিবাহ ও রাজার সর্ব্বদা অন্তঃপুরে থাকাতে রাজ্যে অনাবৃষ্টি নিবারণের জন্য ইন্দ্রের নিকট রণ যাচ্ঞা | ... | ৩৩ |
| রাজা দশরথের পুনর্ব্বার শনির নিকটে গমন ও শনিকর্ত্তৃক গণেশের জন্মবৃত্তান্ত বর্ণন | ... | ৩৮ |
| মৃগজ্ঞানে রাজা দশরথকর্ত্তৃক অন্ধমুনির পুত্র সিন্ধুর বধ-বিবরণ | ... | ৪০ |
| দশরথ রাজার প্রতি অন্ধকের শাপ-বিবরণ | ... | ৪১ |
| সম্বর অসুর বধ | ... | ৪৪ |
| সম্বর সহ যুদ্ধে অঙ্গ ক্ষত হওয়ায় কৈকেয়ী আরোগ্য করাতে রাজার বর দিবার অঙ্গীকার | ... | ৪৫ |
| কৈকেয়ী দশরথের ব্রণ আরোগ্য করিলে পুনর্ব্বার বর-প্রাপ্তির বিবরণ | ... | ৪৬ |
| দশরথের পুত্রের জন্য ঋষ্যশৃঙ্গকে আনিয়া যজ্ঞ-করণের চিন্তা ও উক্ত মুনির কাহিনী | ... | ৪৬ |
| লোমপাদ-রাজ্যে অনাবৃষ্টি নিবারণার্থ ঋষ্যশৃঙ্গকে আনয়ন | ... | ৪৭ |
| ঋষ্যশৃঙ্গের লোমপাদ-রাজ্যে গমন ও অনাবৃষ্টি নিবারণ | ... | ৪৯ |
| ঋষ্যশৃঙ্গের অদর্শনে বিভাণ্ডক মুনির খেদ | ... | ৫০ |
| দশরথ রাজার যজ্ঞ ও ভগবানের চারি অংশে জন্মগ্রহণ | ... | ৫১ |
| জনক ঋষির চাষে লক্ষ্মীর জন্ম | ... | ৫৫ |
| দশরথের যজ্ঞ সাঙ্গ ও যজ্ঞের চরু তিন রাণীতে ভক্ষণ এবং তিনের গর্ভে নারায়ণের চারি অংশে জন্মবৃত্তান্ত | ... | ৫৫ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শ্রীরামের জন্মবিবরণ ... | ৫৬ |
| ভরত, লক্ষ্মণ ও শত্রুঘ্নের জন্ম এবং দেবগণের আনন্দ | ৫৭ |
| শ্রীরামের জন্মে রাবণের বিপদ অনুভব ও তন্নিবারণের উপায় করণ ... | ৫৮ |
| বানরগণের জন্মবিবরণ ... | ৬০ |
| দশরথের চারি পুত্রের অন্নপ্রাশন ... | ৬০ |
| শ্রীরামলক্ষ্মণাদির বাল্যক্রীড়া ... | ৬১ |
| শ্রীরামের শাস্ত্র ও অস্ত্রবিদ্যা শিক্ষা ... | ৬১ |
| সীতার বিবাহ-পণ জন্য হরধনু দেওন বিবরণ ... | ৬১ |
| জনক রাজার ধনুর্ভঙ্গ পণ ... | ৬৪ |
| সকল রাজা ও রাবণ ধনু তুলিতে অপারগ হইয়া পলায়ন করণ-বিবরণ ... | ৬৫ |
| শ্রীরামের গঙ্গাস্নান ও গুহকের মুক্তি এবং উভয়ে মিতালী ও ভরদ্বাজ মুনির গৃহে রামের ধনুর্ব্বাণ প্রাপ্ত-হওন-বিবরণ ... | ৬৭ |
| রাক্ষসের দৌরাত্ম্যে মুনিদের যজ্ঞ পূর্ণ না হওয়াতে তাহা নিবারণের উপায় ... | ৬৯ |
| শ্রীরামকে রাক্ষস সহ যুদ্ধে প্রেরণে দশরথের অস্বীকার ... | ৭০ |
| রাজা দশরথ বিশ্বামিত্র মুনিকে প্রতারণা করিয়া ভরত ও শত্রুঘ্নকে পাঠাইয়া দেন। বিশ্বামিত্রের কোপ। তৎপরে রামের গমন স্বীকার ... | ৭০ |
| মিথিলায় যজ্ঞ রক্ষার্থে শ্রীরাম-লক্ষ্মণের গমন ও মন্ত্রদীক্ষা ... | ৭১ |
| শ্রীরামকর্ত্তৃক তাড়কা বধ ও অহল্যার উদ্ধার ... | ৭৩ |
| শ্রীরামকর্ত্তৃক তিনকোটি রাক্ষস বধ ও মুনিগণের যজ্ঞ সমাধান এবং হরধনু ভাঙ্গিবার জন্য শ্রীরামচন্দ্রের মিথিলায় গমন ... | ৭৭ |
| সীতাদেবীর দেবগণের নিকটে বর প্রার্থনা ... | ৭৯ |
| শ্রীরামকর্ত্তৃক হরধনু ভঙ্গ ও শ্রীরাম লক্ষ্মণ ভরত শত্রুঘ্নের বিবাহ ও পরশুরামের শর শ্রীরামের প্রাপ্ত হওন বিবরণ ... | ৭৯ |


## অযোধ্যাকাণ্ড


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শ্রীরামচন্দ্রের রাজা হইবার প্রস্তাব ... | ৯১ |
| রামচন্দ্রের রাজ্যাভিষেকের উদ্যোগ ও অধিবাস ... | ৯২ |
| শ্রীরামচন্দ্রের রাজ্য প্রাপ্তিতে সকলের আনন্দ ... | ৯৪ |
| ভরতকে রাজা করিয়া রামকে বনে পাঠাইতে কুঁজী কৈকেয়ীকে মন্ত্রণা দেয় ... | ৯৫ |
| ভরতকে রাজ্য দিতে ও রামচন্দ্রকে বনবাসে পাঠাইতে দশরথের নিকটে কৈকেয়ীর প্রার্থনা | ৯৫ |
| ভরতকে রাজা করিয়া রামকে বনে পাঠাইতে কুজীর মন্ত্রণা ... | ৯৫ |
| বিমাতার নিকট পিতৃসত্যপালনার্থ শ্রীরামচন্দ্রের বনে গমনোদ্যোগ ... | ১০০ |
| শ্রীরামচন্দ্র ও সীতাদেবী এবং লক্ষ্মণের বন-গমন ... | ১০৮ |
| শ্রীরামচন্দ্রের সহিত গুহকের সন্দর্শন ... | ১১৩ |
| দশরথ রাজার মৃত্যু ... | ১১৫ |
| ভরতের পিতৃশ্রাদ্ধকরণানন্তর রামকে বন হইতে গৃহে আনিবার জন্য গমন এবং অযোধ্যায় পুনরাগমন ... | ১১৭ |


## আরণ্যকাণ্ড


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| চিত্রকূট পর্ব্বতে শ্রীরাম সীতা এবং লক্ষ্মণের স্থিতি ও রাক্ষসের উৎপাত জন্য তথা হইতে মুনিগণের প্রস্থান ... | ১৩২ |
| অত্রি মুনির আশ্রমে শ্রীরামের গমন ও উক্ত মুনিপত্নীর নিকট সীতার জন্মাদি কথন এবং রামচন্দ্রকর্ত্তৃক বিরাধ বধ ... | ১৩৩ |
| শরভঙ্গ মুনির আশ্রমে রামচন্দ্রের গমন ও মুনি কর্ত্তৃক ইন্দ্রের ধনুর্ব্বাণ দান এবং মুনির স্বর্গে গমন ... | ১৩৬ |
| দশ বৎসরকাল শ্রীরামচন্দ্রের নানা বনে ভ্রমণানন্তর পঞ্চবটী বনে তাঁহার অবস্থিতি ও লক্ষ্মণকর্ত্তৃক সূর্পণখার নাসিকাচ্ছেদন এবং রামচন্দ্রকর্ত্তৃক চতুর্দ্দশ রাক্ষস বধ ... | ১৩৭ |
| খর-দূষণের যুদ্ধে আগমন ... | ১৪২ |
| শ্রীরামের সহ যুদ্ধে দূষণ ও খরের মৃত্যু ... | ১৪৩ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| সীতা হরণ করিতে রাবণকে মারীচের নিষেধ | ... | ১৪৬ |
| রাবণকে মারীচের সুমন্ত্রণা প্রদান | ... | ১৪৭ |
| মারীচের মৃগরূপ ধারণ | ... | ১৪৮ |
| মায়ামৃগধারী মারীচ বধ | ... | ১৪৮ |
| রাবণকর্ত্তৃক সীতা-হরণ | ... | ১৫০ |
| শ্রীরামচন্দ্রের বিলাপ ও সীতার অন্বেষণ | ... | ১৫৭ |
| জটায়ুর উদ্ধার | ... | ১৬০ |
| কবন্ধ এবং শবরীর স্বর্গে গমন | ... | ১৬০ |


## কিষ্কিন্ধ্যাকাণ্ড


| | | |
|---|---|---|
| শ্রীরাম-লক্ষ্মণের দণ্ডকে ভ্রমণ ও তাঁহাদিগকে দেখিয়া সুগ্রীব প্রভৃতি বানরের পরস্পর তর্ক-বিতর্ক | ... | ১৬৩ |
| সুগ্রীবের সহিত শ্রীরামের মিত্রতাবন্ধন ও সুগ্রীবের প্রাপ্ত সীতার ভূষণ শ্রীরামকে প্রত্যর্পণ | ... | ১৬৩ |
| সুগ্রীবের সীতা উদ্ধারে অঙ্গীকার | ... | ১৬৬ |
| বালিকে মারিয়া সুগ্রীবকে রাজ্যদানে শ্রীরামের অঙ্গীকার | ... | ১৬৬ |
| বালির সহ যুদ্ধে সুগ্রীবের পরাভব | ... | ১৬৯ |
| বালিবধ | ... | ১৭২ |
| বালিকর্ত্তৃক শ্রীরামের ভর্ৎসনা | ... | ১৭৫ |
| বালির বিনয় | ... | ১৭৬ |
| বালির সৎকার্য্য | ... | ১৭৭ |
| সুগ্রীবের রাজ্যপ্রাপ্তি | ... | ১৮০ |
| সীতার শোকে রামের অনুতাপ | ... | ১৮১ |
| সীতার উদ্ধারের জন্য সুগ্রীবের প্রতি তাড়না | ... | ১৮২ |
| সুগ্রীবের সহিত লক্ষ্মণের কথোপকথন | ... | ১৮৫ |
| সুগ্রীবের কটক সঞ্চয় | ... | ১৮৬ |
| সীতা অন্বেষণে চতুর্দ্দিকে বানর প্রেরণ | ... | ১৯০ |
| পশ্চিম দিকে সীতা-অন্বেষণে বানরগণের প্রেরণ | ... | ১৯২ |
| উত্তর দিকে সীতা-অন্বেষণে বানরগণের প্রেরণ | ... | ১৯৩ |
| পূর্ব্ব-উত্তর-পশ্চিম দিকে সীতার উদ্দেশ না হওয়ার বার্ত্তা | ... | ১৯৭ |
| শ্রীরামের গুণ কথন | ... | ১৯৭ |
| দক্ষিণ পাতালে সীতার অন্বেষণে বিফলতার বিবরণ | ... | ১৯৮ |
| সীতা-অন্বেষণার্থ অঙ্গদ-হনুমানাদির মন্ত্রণা | ... | ২০২ |
| হনুমানকর্ত্তৃক শ্রীরামের বার্ত্তা কথন, শ্রীরামের বৃত্তান্ত কথনে সম্পাতির পক্ষলাভ। সম্পাতি-কর্ত্তৃক অশোকবনে সীতার উদ্দেশ কথন ও বানরদিগের সাগর পার হইবার মন্ত্রণা | ... | ২০৪ |


## সুন্দরাকাণ্ড


| | | |
|---|---|---|
| বানরগণের সাগর পার হওনের কথোপকথন | ... | ২১২ |
| জাম্বুবানকর্ত্তৃক হনুমানের জন্মবৃত্তান্ত কথন | ... | ২১৪ |
| হনুমানের সাগর-লঙ্ঘনোদ্যোগ | ... | ২১৫ |
| হনুমানের লঙ্কায় যাত্রা ও মালঝাঁপ | ... | ২১৭ |
| সুরসা সাপিনীকর্ত্তৃক হনুমানের পথ রুদ্ধ | ... | ২১৮ |
| হনুমানের লঙ্কায় প্রবেশ ও উগ্রচণ্ডার সহিত হনুমানের সাক্ষাৎ এবং উগ্রচণ্ডার লঙ্কা ত্যাগ করিয়া কৈলাসে গমন | ... | ২২২ |
| হনুমানকর্ত্তৃক সীতার অন্বেষণ | ... | ২২৪ |
| অশোকবনে সীতাদেবীর নিকটে রাবণের গমন | ... | ২২৫ |
| ত্রিজটার দুঃস্বপ্ন দর্শন ও সীতাদেবীর সহিত হনুমানের কথোপকথন | ... | ২২৮ |
| হনুমান রাবণের নিকটে পরিচয় দেয় ও বিভীষণ রাবণকে হিত বুঝায় | ... | ২৩৬ |
| হনুমানকর্ত্তৃক লঙ্কাদগ্ধ | ... | ২৩৮ |
| হনুমানের সীতার নিকটে পুনরাগমন | ... | ২৩৯ |
| শ্রীরামের নিকট হনুমানের পুনর্ব্বার আগমন | ... | ২৪০ |
| সীতার উদ্দেশ হওয়াতে বানরগণের আনন্দ ও শ্রীরামের সহিত সমুদ্রতীরে বাস | ... | ২৪৪ |
| বিভীষণের কৈলাসে গমন | ... | ২৪৮ |
| বিভীষণ সহিত রামচন্দ্রের মিত্রতা | ... | ২৫২ |
| নলকর্ত্তৃক সাগরবন্ধন | ... | ২৫৫ |
| নলের উপর হনুমানের ক্রোধ ও শ্রীরামকর্ত্তৃক সান্ত্বনা | ... | ২৫৬ |
| বানর সহ শ্রীরামের লঙ্কায় প্রবেশ | ... | ২৫৬ |
| গ্রন্থকারের প্রার্থনা | ... | ২৫৯ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|

## লঙ্কাকাণ্ড

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| শুক-সারণকর্তৃক সৈন্যাদি দর্শন ও রাবণের নিকট তাহার বার্ত্তা কথন | ... | ২৬০ |
| শুক ও সারণের কটক চর্চ্চিয়া গমন | ... | ২৬১ |
| শুক ও সারণ কর্তৃক শ্রীরামের প্রশংসা ও কটকের কথা | ... | ২৬২ |
| শুক-সারণের প্রতি রাবণের কোপ | ... | ২৬৪ |
| কটক চর্চ্চিতে শার্দ্দূলের গমন | ... | ২৬৪ |
| শ্রীরামের মাহাত্ম্য-বর্ণন | ... | ২৬৫ |
| মায়ামুণ্ড দর্শন | ... | ২৬৬ |
| মায়ামুণ্ড দর্শনে সীতার বিলাপ | ... | ২৬৮ |
| নিকষাকর্তৃক রাবণের প্রতি উপদেশ | ... | ২৬৯ |
| বানরকর্ত্তৃক লঙ্কার দ্বার রক্ষাকরণের নির্ণয় | ... | ২৭০ |
| দেবগণের আগমন ও হরপার্ব্বতীর কোন্দল | ... | ২৭২ |
| অঙ্গদ রায়বার | ... | ২৭২ |
| রাবণের মুকুট লইয়া শ্রীরামচন্দ্রের নিকট অঙ্গদের গমন | ... | ২৮১ |
| শ্রীরামের সহিত অঙ্গদের কথোপকথন | ... | ২৮২ |
| ইন্দ্রজিতের যুদ্ধে শ্রীরাম-লক্ষ্মণের নাগপাশে বন্ধন | ... | ২৮৩ |
| শ্রীরাম-লক্ষ্মণের নাগপাশ হইতে মুক্তি | ... | ২৮৮ |
| ধূম্রাক্ষের যুদ্ধ ও পতন | ... | ২৯২ |
| অকম্পনের যুদ্ধ ও পতন | ... | ২৯৩ |
| বজ্রদংষ্ট্রের যুদ্ধ ও পতন | ... | ২৯৪ |
| প্রহস্তের যুদ্ধ ও পতন | ... | ২৯৭ |
| রাবণের প্রথম যুদ্ধে গমন | ... | ২৯৯ |
| রাবণের প্রথম দিবস যুদ্ধ | ... | ৩০০ |
| কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ ও রাবণের সহিত কথোপকথন | | ৩০৫ |
| কুম্ভকর্ণের যুদ্ধ ও মৃত্যু | ... | ৩০৯ |
| কুম্ভকর্ণের মৃত্যু শ্রবণে রাবণের রোদন | ... | ৩১৬ |
| ত্রিশিরা দেবান্তক নরান্তক মহোদর ও মহাপাশের যুদ্ধ ও মৃত্যু | ... | ৩১৭ |
| অতিকায়ের যুদ্ধারম্ভ | ... | ৩২১ |
| অতিকায়ের যুদ্ধ ও মৃত্যু | ... | ৩২২ |
| অতিকায়াদি চারি পুত্রের মৃত্যু শুনিয়া রাবণের রোদন | ... | ৩২৪ |
| রাবণের নিকট ইন্দ্রজিতের দ্বিতীয় বার যুদ্ধে যাইবার অনুমতি গ্রহণ | ... | ৩২৫ |
| ইন্দ্রজিতের দ্বিতীয় বার যুদ্ধে গমনোদ্যোগ | ... | ৩২৬ |
| ইন্দ্রজিতের দ্বিতীয়বার যুদ্ধে গমন | ... | ৩২৮ |
| ঔষধ আনিতে হনুমানের যাত্রা | ... | ৩৩৩ |
| হনুমানকর্তৃক ঔষধ আনয়ন ও শ্রীরাম লক্ষ্মণ এবং বানরগণের প্রাণদান | ... | ৩৩৪ |
| লঙ্কার দ্বার রুদ্ধ দেখিয়া শ্রীরামের মন্ত্রণা ও লঙ্কা দগ্ধ করিতে অনুমতি | ... | ৩৩৫ |
| কুম্ভ ও নিকুম্ভাদির যুদ্ধ ও পতন | ... | ৩৩৭ |
| মকরাক্ষের যুদ্ধ ও পতন | ... | ৩৪৩ |
| তরণীসেনের যুদ্ধ ও পতন | ... | ৩৪৬ |
| বীরবাহু, ধূম্রাক্ষ এবং ভস্মলোচনের যুদ্ধে গমন ও পতন | ... | ৩৫৪ |
| ইন্দ্রজিতের তৃতীয় বার যুদ্ধে গমন ও মায়াসীতা বধ এবং ইন্দ্রজিতের পতন | ... | ৩৬৩ |
| ইন্দ্রজিতের মরণে দেবগণাদির আনন্দ | ... | ৩৭৬ |
| ইন্দ্রজিতের মৃত্যু শুনিয়া শ্রীরামচন্দ্রের আনন্দ | ... | ৩৭৬ |
| ইন্দ্রজিতের যুদ্ধে শ্রীলক্ষ্মণের অঙ্গ ক্ষত হওয়াতে সুষেণকর্তৃক ঔষধ প্রদান | ... | ৩৭৭ |
| ইন্দ্রজিতের মৃত্যু শ্রবণে রাবণ ও মন্দোদরীর বিলাপ | | ৩৭৮ |
| রাবণের যুদ্ধে গমন ও লক্ষ্মণের শক্তিশেল | ... | ৩৭৯ |
| হনুমানের গন্ধমাদন পর্ব্বতে ঔষধ আনিতে গমন | ... | ৩৮৪ |
| সূর্য্যদেবের মুক্তি | ... | ৩৯৫ |
| মহীরাবণের পালা | ... | ৩৯৬ |
| মহীরাবণের মায়াযুদ্ধ দ্বারা শ্রীরাম-লক্ষ্মণকে হরণ | ... | ৪০০ |
| শ্রীরাম-লক্ষ্মণের অন্বেষণে হনুমানের পাতালপুরে গমন | ... | ৪০৩ |
| মহীরাবণ বধ | ... | ৪০৭ |
| অহীরাবণ বধ | ... | ৪০৮ |
| রাবণের তৃতীয় দিবস যুদ্ধে গমন | ... | ৪০৯ |
| শ্রীরামের সহিত রাবণের যুদ্ধ | ... | ৪১১ |

| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| রাবণকর্ত্তৃক অম্বিকার স্মরণ ( মতান্তরে ) | ... | ৪১৭ |
| রাবণের স্তবে অভয়া সন্তুষ্ট হইয়া অভয় দান | ... | ৪১৮ |
| রাবণ-বধের নিমিত্ত ব্রহ্মাকর্ত্তৃক বোধন ও ষষ্ঠ্যাদি কল্পারম্ভ ... ... | ... | ৪১৮ |
| শ্রীরামচন্দ্রের দুর্গোৎসব | ... | ৪১৯ |
| নবমী পূজা | ... | ৪২০ |
| নীলপদ্ম আনয়নের মন্ত্রণা | ... | ৪২০ |
| শ্রীরামচন্দ্রকর্ত্তৃক দেবীকে স্তব | ... | ৪২১ |
| দেবীকর্ত্তৃক এক পদ্ম হরণ | ... | ৪২২ |
| পুনর্ব্বার শ্রীরামচন্দ্রকর্ত্তৃক কালিকার প্রতি স্তুতি | ... | ৪২২ |
| দেবীর প্রতি শ্রীরামের স্তুতিবাক্য | ... | ৪২৩ |
| শ্রীরামের দেবীর প্রতি নিবেদন | ... | ৪২৪ |
| শ্রীরামের দেবীর নিকট বর যাচ্ঞা | ... | ৪২৫ |
| রাবণ-বধের জন্য শ্রীরামের প্রতি দেবীর আদেশ | ... | ৪২৫ |
| রাবণের ভগবতী ত্যাগ নিমিত্ত হনুমানকর্ত্তৃক চণ্ডী অশুদ্ধ | ... | ৪২৬ |
| রাবণ-বধ | ... | ৪২৬ |
| বিভীষণের রোদন | ... | ৪৩৩ |
| মন্দোদরীর রোদন | ... | ৪৩৪ |
| বিভীষণের অভিষেক | ... | ৪৩৪ |
| সীতার পরীক্ষা | ... | ৪৩৭ |
| শ্রীরামচন্দ্রের দেশে গমন | ... | ৪৪৭ |
| শিবপূজার পরে শ্রীরামের ভরদ্বাজ-আশ্রমে আগমন | | ৪৪৮ |
| কৈকেয়ীর সহিত শ্রীরামের কথা | ... | ৪৫৬ |
| শ্রীরামচন্দ্রের রাজ্যাভিষেক | ... | ৪৫৭ |
| শ্রীরাম রাজা হইলে কল্যাণার্থ দেবকন্যাদির আগমন | | ৪৬০ |
| হনুমানের বক্ষঃস্থল বিদীর্ণ ও অস্থি-মধ্যে লিখিত রামনাম দর্শন | ... | ৪৬১ |
| হনুমানের অন্ন ভোজন ও বিভীষণাদির স্বদেশ গমন | ... | ৪৬২ |


## উত্তরাকাণ্ড


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| রামচন্দ্রের বর্ণনা | ... | ৪৬৪ |
| লক্ষ্মণকর্ত্তৃক চতুর্দ্দশ বৎসরের ফল আনয়ন ও রাক্ষসদিগের উৎপত্তি-বর্ণন | ... | ৪৬৫ |
| গজকচ্ছপের বৃত্তান্ত ও গরুড়-পবনের যুদ্ধ | ... | ৪৭০ |
| কুবের, রাবণ ও তদ্ভ্রাতাদির বিবরণ | ... | ৪৭৫ |
| রাবণের সহিত কুবেরের যুদ্ধ | ... | ৪৮৪ |
| বেদবতীর উপাখ্যান | ... | ৪৮৫ |
| মরুত্ত-যজ্ঞ-বৃত্তান্ত | ... | ৪৮৬ |
| রাবণের অনরণ্য রাজার সহিত যুদ্ধ | ... | ৪৮৭ |
| কার্ত্তবীর্য্যার্জ্জুনের সহিত রাবণের যুদ্ধ | ... | ৪৮৯ |
| কার্ত্তবীর্য্যার্জ্জুনের কারাগার হইতে রাবণের মুক্তি | ... | ৪৯২ |
| বালি-রাবণের যুদ্ধ | ... | ৪৯৩ |
| যম-রাবণের যুদ্ধ | ... | ৪৯৫ |
| রাবণের পাতালপুরী জিনিতে গমন ও বলি প্রভৃতির সহিত যুদ্ধ | ... | ৫০১ |
| রাবণের সহিত মান্ধাতার যুদ্ধ | ... | ৫০৫ |
| রাবণের চন্দ্র জিনিতে চন্দ্রলোকে গমন | ... | ৫০৬ |
| রাবণের কুশদ্বীপে গমন ও মহাপুরুষের সহিত যুদ্ধ | ... | ৫০৭ |
| সূর্পণখার বৈধব্যের বিবরণ | ... | ৫০৮ |
| রাবণের স্বর্গ জিনিতে গমন | ... | ৫০৯ |
| ব্রহ্মাকর্ত্তৃক রম্যবন গঠন ও তন্মধ্যে শ্রীরাম-সীতার বাস | ... | ৫২০ |
| সীতার বনবাস | ... | ৫২৩ |
| সোনার সীতা নির্ম্মাণ | ... | ৫২৭ |
| কুক্কুর ও সন্ন্যাসীর কথা | ... | ৫২৯ |
| লবণ বধ | ... | ৫৩৫ |
| বিপ্রপুত্রের অকালমৃত্যু ও শূদ্র তপস্বীর মস্তক ছেদন | | ৫৩৭ |
| গৃধিনী পেচকের দ্বন্দ্ব-বৃত্তান্ত | ... | ৫৩৯ |
| শ্রীরামের অগস্ত্যমুনির বাটীতে আগমন | .. | ৫৪০ |
| বৃত্রাসুর বধ ও ইন্দ্রের অশ্বমেধ যজ্ঞ | ... | ৫৪৩ |
| অশ্বমেধ যজ্ঞারম্ভ | ... | ৫৪৫ |
| লব-কুশের সহিত যুদ্ধে শত্রুঘ্ন ভরত ও লক্ষ্মণের পতন | ... | ৫৪৯ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| লব ও কুশের সহিত শ্রীরামের যুদ্ধ ... | ৫৫৮ |
| রামের বিলাপ .. | ৫৬৩ |
| লব ও কুশের যুদ্ধে শ্রীরামচন্দ্রের পরাজয় ও মূর্চ্ছা | ৫৬৪ |
| বাল্মীকির সহিত লব-কুশের শ্রীরামের নিকট গমন ও লব-কুশকর্ত্তৃক রামায়ণ গান ... | ৫৬৮ |
| সীতাদেবীর পাতালে প্রবেশ ... | ৫৭০ |
| লব-কুশের রোদন ... | ৫৭৩ |
| শ্রীরামের খেদ ... | ৫৭৬ |
| কেকয় দেশে ভরতকর্ত্তৃক তিন কোটি গন্ধর্ব্ব বধ ও শ্রীরামাদির আট পুত্রের রাজা হওয়ার বিবরণ | ৫৭৬ |
| অযোধ্যায় কালপুরুষের আগমন ও লক্ষ্মণ-বর্জ্জন ... | ৫৭৮ |
| শ্রীরাম ভরত ও শত্রুঘ্নের স্বর্গারোহণ ... | ৫৮২ |
| কৃত্তিবাসের আত্মবিবরণ ... | ৫৮৩ |
| পরিশিষ্ট—চিত্রপরিচয় ... | ৫৮৬ |

| ছবির নাম | শিল্পীর নাম | | | পৃষ্ঠাঙ্ক |
|---|---|---|---|---|
| ২৮। | সীতার রাবণকে ভিক্ষাদান—মহাদেব বিশ্বনাথ ধুরন্ধর | … | … | ১৫১ |
| ২৯। | মায়ামৃগ বধ ও সীতাহরণ—নন্দলাল বসু | … | … | ১৫২ |
| ৩০। | রাবণের সহিত জটায়ুর যুদ্ধ—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ১৫৪ |
| ৩১। | রাবণকর্ত্তৃক জটায়ুর পক্ষচ্ছেদ—রবি বর্ম্মা | … | … | ১৫৬ |
| ৩২। | শবরীর প্রতীক্ষা ( যৌবনে )—নন্দলাল বসু | … | … | ১৬২ |
| ৩৩। | শবরীর প্রতীক্ষা ( প্রৌঢ় বয়সে )—নন্দলাল বসু | … | … | ১৬২ |
| ৩৪। | শবরীর প্রতীক্ষা ( বার্দ্ধক্যে )—নন্দলাল বসু | … | … | ১৬২ |
| ৩৫। | বালি ও সুগ্রীবের যুদ্ধ—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ১৭২ |
| ৩৬। | অশোক তরুতলে সীতা—রবি বর্ম্মা | … | … | ২২০ |
| ৩৭। | লঙ্কায় বন্দিনী সীতা—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ২২৪ |
| ৩৮। | বন্দিনী সীতা—অবনীন্দ্রনাথ ঠাকুর | … | .. | ২২৬ |
| ৩৯। | বিরহিণী সীতা—অসিতকুমার হালদার | … | … | ২২৮ |
| ৪০। | রাক্ষসগণকর্ত্তৃক হনুমানের বন্ধন—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ২৩৮ |
| ৪১। | পক্ষিরাজ সম্পাতি ও বানরগণ—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ২৪৪ |
| ৪২। | রামচন্দ্রের সমুদ্রশাসন—রবি বর্ম্মা | … | … | ২৪৫ |
| ৪৩। | বানরগণকর্ত্তৃক সমুদ্রবন্ধন—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ২৫৬ |
| ৪৪। | অঙ্গদ রায়বার—কাশীনরেশের সম্পত্তি একখানি পুরাতন তুলসীকৃত রামায়ণ হইতে | | … | ২৭৩ |
| ৪৫। | কুম্ভকর্ণের যুদ্ধ—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ৩১৫ |
| ৪৬। | লক্ষ্মণের শক্তিশেলে পতন—সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় | … | … | ৩৮৪ |
| ৪৭। | হনুমানের গন্ধমাদন পর্ব্বত আনয়ন—উপেন্দ্রকিশোর রায়চৌধুরী | … | … | ৩৮৮ |
| ৪৮। | রাবণকর্ত্তৃক কৈলাস পর্ব্বত উত্তোলনের চেষ্টা—প্রাচীন কাঙড়া চিত্র | … | … | ৫১৬ |
| ৪৯। | সীতার পাতালপ্রবেশ—রবি বর্ম্মা | … | … | ৫৭২ |

হেনকালে সৌদাস সে ব্যাঘ্রকে দেখিয়া।
ক্রীড়ার সময়ে তারে মারিল বিন্ধিয়া॥
এই কালে রাক্ষসী রাজার প্রতি বলে।
বিনা দোষে স্বামী মার আনন্দের কালে॥
পরিণামে জানিবা হইবে যত পাপ।
মহাপাপ ভুঞ্জিবে হইবে ব্রহ্মশাপ।
এতেক বলিয়া সে রাক্ষসী গেল বন।
মনোদুঃখে গৃহে রাজা করিল গমন॥
পাত্র-মিত্রগণে রাজা করিল আহ্বান।
বশিষ্ঠ মুনিরে আগে করিল সম্মান॥
মুনিরে কহিল রাজা সব বিবরণ।
এই পাপ কেমনে হইবে বিমোচন॥
পুরোহিত বশিষ্ঠের অনুজ্ঞা প্রমাণে।
অশ্বমেধ করিলেন শাস্ত্রের বিধানে॥
যজ্ঞ পূর্ণে দিল রাজা যজ্ঞের দক্ষিণা।
বিদায় হইয়া যবে গেল সর্ব্বজনা॥
হেনকালে সে রাক্ষসী ভাবে মনে মন।
মম বাক্য ব্যর্থ হবে জানিলে কারণ॥
আপন রাক্ষসী-রূপ দূরে তেয়াগিয়া।
বশিষ্ঠ মুনির রূপ ধরিয়া আসিয়া॥
সৌদাস রাজার কাছে কহিল বচন।
মোরে মাংস ভোজন করাহ যশোধন॥
রাজা বলে, অশ্বমাংস করি আহরণ।
সেই মাংস খাইবারে গেল তব মন॥
স্নান সন্ধ্যা করিয়া আইস মহামুনি।
করাইব তব মাংস রন্ধন এখনি॥
বশিষ্ঠের রূপ সে দূরেতে তেয়াগিয়া।
প্রাচীন বিপ্রের বেশ ধরিয়া আসিয়া॥
মনুষ্যের মাংস লৈয়া করিল রন্ধন।
বশিষ্ঠকে ডাকে রাজা করিতে ভোজন॥
যজমান-বাক্য মুনি লঙ্ঘিতে না পারে।
উপস্থিত হইলেন রন্ধন-আগারে॥
বসিলেন মুনি তবে করিতে ভোজন।
রাক্ষসী মনুষ্য-মাংস দিল ততক্ষণ॥
থাল কোলে থুইয়া রাক্ষসী গেল ঘরে।
দেখিয়া মুনির ক্রোধ বাড়িল অন্তরে॥
মনুষ্যের মাংস দিয়া কর উপহাস।
তুমি ব্রহ্মরাক্ষস যে হও হে সৌদাস॥
এত যদি শ্রীবশিষ্ঠ মুনি শাপ দিল।
মুনিকে শাপিতে রাজা হাতে জল নিল॥
অকারণে শাপ দিলা আমি নহি দোষী।
এই জলে পোড়াইব করি ভস্মরাশি॥
হেনকালে রাক্ষসী রাজার শাপ শুনি।
ঘর হইতে পলাইয়া চলিল আপনি॥
ধ্যান করি জানিল বশিষ্ঠ তপোধন।
রাক্ষসী আসিয়া মাংস মাগিল ভোজন॥
মুনিকে দিবারে শাপ রাজা নিল পানি।
নিষেধ করেন তারে দময়ন্তী রাণী॥
ক্রোধ সম্বরিয়া রাজা ভাবে মনে মনে।
এই জল এখন থুইব কোন্ স্থানে॥
স্বর্গে থুই যদি তবে দেবগণ মরে।
নাগগণ মরে যদি ফেলি নাগপুরে॥
পৃথিবীতে ফেলিলে সকল শস্য যায়।
সেই জল ফেলে রাজা আপনার পায়॥
রাজার পুড়িয়ে গেল দুখানি চরণ।
কল্মাষপাদ নাম রাজার সে কারণ॥
বশিষ্ঠ বলেন, শাপ দিনু নৃপবর।
রাক্ষস হইয়া থাক এগার বৎসর॥
লোটায় ধরিয়া রাজা বশিষ্ঠ-চরণ।
কত দিনে হবে মম শাপ বিমোচন॥
মুনি বলে, পাবে যবে গঙ্গা দরশন।
তবে ত তোমার শাপ হইবে মোচন॥
সৌদাস ভূপতি ব্রহ্মরাক্ষস হইয়া।
দেশে দেশে নিত্য ফিরে ব্রাহ্মণ খাইয়া॥

ইচ্ছাবরী হইতে কন্যার গেল মন।
কহিল পিতার অগ্রে না করি গোপন॥
স্বয়ম্বরা হইতে আমার আছে মন।
সকল রাজারে আন করি নিমন্ত্রণ॥
যত যত মহারাজ পৃথিবীতে বৈসে।
মাথরের নিমন্ত্রণে সকলে আইসে॥
প্রথম যৌবন কিবা দেখিতে সুন্দর।
সকলে আইসে কেহ না রহিল ঘর॥
অযোধ্যা হইতে হৈল অজের গমন।
সভামধ্যে অজ গিয়া বসিল তখন॥
পশুর মধ্যেতে যেন বসিল কেশরী।
বসিল সকল রাজা অজ মধ্যে করি॥
রঘুর তনয় অজ দিলীপের নাতি।
পৃথিবীমণ্ডলে যার এক দণ্ড ছাতি॥
বসিল করিয়া সভা যত নৃপগণ।
তখন মাথর রাজা করে নিবেদন॥
এক কন্যা দানযোগ্যা আছে মম ঘরে।
আজ্ঞা কর সেই কন্যা আনি স্বয়ম্বরে॥
পরিণামে দ্বন্দ্ব যেন না হয় ঘটন।
তবে শীঘ্র আনি কন্যা কৈলে নিবেদন॥
মম কন্যা বরমাল্য দিবেক যাঁহারে।
সবারে বিদায় দিয়া রাখিব তাঁহারে॥
ভাল ভাল কহিল সকল নৃপগণ।
শীঘ্র ইন্দুমতী আন করিয়া সাজন॥
কেশ আঁচড়িয়া তার বাঁধিল কুন্তল।
বিবিধ পুষ্পের মালা করে ঝলমল॥
কপালে সিন্দূর দিল নয়নে কজ্জল।
চন্দ্রের সমান রূপ অতীব বিমল॥
সুচিত্র বিচিত্র পরে পায়েতে পাশুলি।
বিধাতা গড়েছে যেন কনক-পুত্তলী॥
সহচরীগণ সঙ্গে চলিল ঘেরিয়া।
মত্তগজগতি রামা চলিল সাজিয়া॥
যেই জন করে ইন্দুমতী নিরীক্ষণ।
রূপের মোহেতে হরে তাহার চেতন॥
চেতন পাইয়া উঠে বলে নৃপগণ।
এ কন্যা যে পাবে তার সার্থক জীবন॥
কেহ বলে, কন্যা মোরে করে নিরীক্ষণ।
কেহ বলে, কন্যার আমাতে আছে মন॥
যারে পাছু করি কন্যা করয়ে গমন।
ভূমিতে পড়িয়া তেঁহ জুড়িল রোদন॥
কন্যা কি কুৎসিত রূপ দেখিল আমারে।
আমারে এড়িয়া সে ভজিবে কোন্ বরে॥
একে একে দেখিয়া যতেক রাজগণ।
অজের নিকটে আসি দিল দরশন॥
ধন পাইলে তুষ্ট যেন দরিদ্রের মতি।
গলে মাল্য দিয়া বলে তুমি মম পতি॥
বরমাল্য দিয়া যদি কন্যা ঘরে গেল।
লজ্জিত হইয়া যত রাজা পলাইল॥
বনেতে আসিয়া সবে হয়ে একমন।
অজকে মারিতে যুক্তি করিল তখন॥
এক্ষণে সবাই থাকি বনে লুকাইয়া।
অজে মারি ইন্দুমতী লইব কাড়িয়া॥
লুকাইয়া বনে তারা রহে স্থানে স্থান।
হেথায় মাথর রাজা করে কন্যাদান॥
কন্যাদান করে রাজা করিয়া কৌতুক।
নানা রত্ন অশ্ব হস্তী দিলেন যৌতুক॥
তিন দিন ছিল রাজা মাথরের ঘরে।
আর দিন যান রাজা অযোধ্যানগরে॥
ইন্দুমতী সহ রথে করে আরোহণ।
কত সেনা সঙ্গে, রঙ্গে চলে অগণন॥
নিদ্রায় কাতর রাজা চলিতেছে রথ।
এই কালে রাজগণ আগুলিল পথ॥
মার মার বলি, সবে আগুলিল তথা।
ইন্দুমতী দেখিয়া করিল হেঁটমাথা॥

### রাজা দশরথের সহিত কৌশল্যার বিবাহ

দশরথ মহারাজ জন্ম সূর্য্যবংশে।
সর্ব্বগুণেশ্বর রাজা সকলে প্রশংসে॥
রাজচক্রবর্ত্তী রাজা সবার উপর।
বিবাহ না হয় বয়ঃ ত্রিংশৎ বৎসর॥
দৈবের ঘটনে রাজা হইল নির্ব্বন্ধ।
হেনকালে ঘটে তাঁর বিবাহ-সম্বন্ধ॥
কোশলের রাজা সে কোশল দণ্ডধর।
কৌশল্যা নামেতে কন্যা আছে তাঁর ঘর॥
কৌশল্যার রূপ রাজা দেখিয়া মূর্চ্ছিত।
কারে কন্যা দিব বলি রাজা সুচিন্তিত॥
পুরোহিত ব্রাহ্মণেরে কহিল সত্বর।
দশরথে আনিবারে যাহ দ্বিজবর॥
আমার সংবাদ কহ রাজার গোচরে।
কৌশল্যা নামেতে কন্যা সমর্পিব তাঁরে॥
তাঁহা বিনা কৌশল্যার বর নাহি দেখি।
দশরথে দিয়া কন্যা হইব যে সুখী॥
সংবাদ লইয়া বিপ্র চলিল সত্বর।
শীঘ্রগতি গেল দ্বিজ অযোধ্যা-নগর॥
ব্রাহ্মণে দেখিয়া রাজা করেন প্রণাম।
আশিস্ করিয়া কহে আপনার নাম॥
কোশল দেশেতে ঘর রাজপুরোহিত।
তোমারে লইতে রাজা আমি নিয়োজিত॥
পরমা সুন্দরী কন্যা আছে তাঁর ঘরে।
কৌশল্যা নামেতে, তাকে দিবেন তোমারে॥
তব তুল্য রূপ আর নাহি কোন দেশে।
তোমারে দিবেন তাঁরে, মনের আবেশে॥
রাজার সংবাদ এই জানানু তোমারে।
বিবাহ করিতে চল কোশলের ঘরে॥
এতেক শুনিয়া রাজা সংবাদ-বচন।
পাত্রবর্গ লয়ে রাজা করেন মন্ত্রণ॥
যাবৎ বিবাহ করি নাহি আসি ঘরে।
তাবৎ পালিহ রাজ্য অযোধ্যানগরে॥
রথ লৈয়া যোগাইল রথের সারথি।
সেনাগণ সঙ্গে রাজা চলে শীঘ্রগতি॥
নানা বাদ্য বাজে, নাচে বিদ্যাধরীগণ।
তূরী ভেরী ঝাঁঝরী তা না যায় গণন॥
পাখোয়াজ পঞ্চাশ সহস্র পরিমাণ।
তিন কোটি শিঙ্গা বাজে অতি খরসান॥
বাজে শত কোটি শঙ্খ আর ঘণ্টাজাল।
ভোরঙ্গ সহস্রকোটি শুনিতে রসাল॥
সহস্র সানাই বাজে ডম্প কোটি কোটি।
ত্রিশ সহস্র দামামায় ঘন পড়ে কাটি॥
তবল বিশাল বাদ্য বাজে জয় ঢোল।
মহাপ্রলয়ের কালে যেন গণ্ডগোল॥
বাদ্যভাণ্ড মহাকাণ্ড করিল প্রচুর।
রথবেগে গেল রাজা কোশলের পুর॥
পাইয়া তাঁহার বার্ত্তা কোশলের রাজা।
পাদ্য অর্ঘ্য দিয়া করে নরপতি-পূজা॥
রাজা কন্যাদান করে শাস্ত্র-ব্যবহারে।
আমোদ করিল রামাগণ স্ত্রী-আচারে॥
শুভক্ষণে দুই জনে শুভদৃষ্টি করে।
উভয়ের রূপে ধরা কত শোভা ধরে॥
নানা রত্ন দিয়া রাজা করে কন্যা-দান।
শাস্ত্রের বিহিত রাজা করিল সম্মান॥
আপনি অর্দ্ধেক রাজ্য দিলা অধিকার।
বিলাইতে দিল রাজা অনেক ভাণ্ডার॥
কৌশল্যা লইয়া রাজা আসিলেন বাস।
আদিকাণ্ড গাইল পণ্ডিত কৃত্তিবাস॥

---

### দশরথের সহিত কৈকেয়ীর বিবাহ

গিরিরাজ নগরেতে কেকয়ের ঘর।
সুখে রাজ্য করে রাজা অনেক বৎসর॥

রাজার আজ্ঞায় দ্বিজ চলিল হরিষে।
শীঘ্রগতি গেল দ্বিজ অযোধ্যার দেশে ॥
ব্রাহ্মণে দেখিয়া রাজা করেন প্রণাম।
আশিস্ করিয়া দ্বিজ কহে নিজ নাম ॥
সিংহল দেশের আমি রাজপুরোহিত।
তোমারে লইতে রাজা আমি উপস্থিত ॥
রাজকন্যা সুমিত্রা সে পরমা সুন্দরী।
তার রূপে আলো করে সিংহলনগরী ॥
তত রূপ রাজকন্যা নাহি কোন দেশে।
তোমারে দিবেন রাজা পরম হরিষে ॥
শুনিয়া কন্যার কথা হৃষ্ট দশরথ।
হইতে সুমিত্রাপতি ছিল মনোরথ ॥
কৌশল্যা কৈকেয়ী তারা জানে দুইজন।
মৃগয়ার ছলে রাজা করিল গমন ॥
নানা বাদ্যে দশরথ চলে কুতূহলে।
উত্তরিল গিয়া রাজা নগর সিংহলে ॥
বার্ত্তা শুনি হরষিত সিংহলের রাজা।
পাদ্য অর্ঘ্য দিয়া তাঁরে করিলেক পূজা ॥
দেখি দশরথের লাবণ্য মনোহর।
লোকে বলে বিধি দিল কন্যাযোগ্য বর ॥
নান্দীমুখ করি দোঁহে বিশেষ হরিষে।
বৃদ্ধিশ্রাদ্ধ দুইজনে করে অবশেষে ॥
গোধূলিতে দুইজনে শুভদৃষ্টি করে।
দোঁহাকার রূপে আলো বসুমতী করে ॥
কুসুমশয্যায় রাজা শয়ন করিল।
নিদ্রার অলসে প্রায় অচেতন হৈল ॥
শয্যা ছাড়ি উঠে দশরথ নৃপবর।
শয্যার উত্থান কৌড়ি দিলেন বিস্তর ॥
বাসি বিয়ে সেই স্থানে কৈল দশরথ।
যৌতুক পাইল ধন বহু মনোমত ॥
বিদায় হইল রাজা, রাজার সাক্ষাতে।
সুমিত্রা সহিতে রাজা চড়ে নিজ রথে ॥

সুমিত্রা লইয়া রাজা আসি নিজ দেশে।
অন্তঃপুরে প্রবেশিল পরম হরিষে ॥
কৌশল্যা কৈকেয়ী তারা রাণী দুইজন।
সুমিত্রার রূপ দেখি ভাবে মনে মন ॥
নিরবধি সেবে তাঁরা পার্ব্বতী-শঙ্কর।
সুমিত্রা দুর্ভাগা হউক এই মাগে বর ॥
তিন রাণী লৈয়া রাজা আছে কুতূহলে।
সুখে রাজ্য করে বহুকাল ভূমণ্ডলে ॥
পুত্রহীন মহারাজ মনে দুঃখদাহ।
করিলেন সাত শত পঞ্চাশ বিবাহ ॥
সাত শত পঞ্চাশের মুখ্যা তিন গণি।
কৌশল্যা সুমিত্রা আর কৈকেয়ী সতিনী ॥
তার মধ্যে সুমিত্রা সে পরমা সুন্দরী।
তাঁর রূপে আলো করে অযোধ্যানগরী ॥
হেন স্ত্রী দুর্ভাগা হৈল, রাজার বিষাদ।
সতিনীর ঈর্ষায় হৈল এতেক প্রমাদ ॥
প্রাণের অধিক রাজা কৈকেয়ীরে দেখে।
রাত্রি দিবা দশরথ তার কাছে থাকে ॥
এতিনের ভাগ্য কত বর্ণিব সম্প্রতি।
যা সবার গর্ভে জন্ম লবেন শ্রীপতি ॥
সতত ভাসেন রাজা সুখের সাগরে।
দৈবে অনাবৃষ্টি হৈল অযোধ্যানগরে ॥
রোহিণীতে বৃষে হৈল শনির গমন।
তেকারণে বৃষ্টি নাহি হয় বরিষণ ॥
কৌতুকে থাকেন রাজা ভার্য্যা-সম্ভাষণে।
রাজ্যেতে প্রমাদ হৈল ইহা নাহি জানে ॥
সকল অযোধ্যা রাজ্যে হইল আপদ।
হেনকালে আইলেন তথায় নারদ ॥
পাদ্য অর্ঘ্য দেন রাজা বসিতে আসন।
মুনির করিয়া পূজা বসিল রাজন্ ॥
নারদ বলেন, নৃপ করি নিবেদন।
আইলাম তোমারে করিতে বিজ্ঞাপন ॥

বিনতানন্দনে হরি করেন স্মরণ।
চক্র হাতে করি, পক্ষে করি আরোহণ॥
কহিলেন, দেবগণ ভয় নাহি আর।
রাবণেরে এখনি যে করিব সংহার॥
গরুড়ে চড়িয়া চলিলেন জগন্নাথ।
একালে কহেন ব্রহ্মা প্রভুর সাক্ষাৎ॥
আমি বর দিয়াছি যে পূর্ব্বে রাবণেরে।
এখন করিলে রণ রাবণ না মরে॥
নরের উদরে যদি লও হে জনম।
নর-বানরের হাতে তাহার মরণ॥
প্রভুর সাক্ষাতে ব্রহ্মা কহেন এ কথা।
জন্মের নামেতে প্রভু হেঁট করে মাথা॥
বরের সময় ব্রহ্মা হন আগুয়ান।
বিপদে পড়িলে বলে, রক্ষ ভগবান॥
কত বার দুঃখ পাব ললাটে লিখন।
পৃথিবীতে যাব স্বর্গ করিয়া ত্যজন॥
পুনশ্চ হরিরে ব্রহ্মা কহেন বচন।
দুষ্ট রাবণের ক্রিয়া করহ শ্রবণ॥
হাতে অস্ত্র সূর্য্যদেব তাহার দুয়ারী।
ইন্দ্র মালা গাঁথি দেন, চন্দ্র ছত্রধারী॥
আপনি যে অগ্নিদেব করেন রন্ধন।
মন্দ মন্দ বাতাস করেন সমীরণ॥
বরুণ বহিয়া জল দেন নিতি নিতি।
করেন মার্জ্জনা গৃহ নিজে বসুমতী॥
শুনিলে যমের কথা হইবেক হাস।
কাটিয়া আনেন তার ঘোটকের ঘাস॥
শনিদৃষ্টে ত্রিভুবন ভস্ম হৈয়া উড়ে।
কাপড় ধুইয়া দেন শনি লঙ্কাপুরে॥
জগতের কর্ত্তা আমি ব্রহ্মা মহামুনি।
পড়াই বালকগণে লঙ্কাতে আপনি॥
রাবণের আগে দেব গায়ক নারদ।
রাবণ ভুবন জিনি করেছে সম্পদ॥

জন্ম নিতে হরি যদি হইলা কাতর।
আপনার সৃষ্টি সব লহ চক্রধর॥
আর ব্রহ্মা আর ইন্দ্র করহ সৃজন।
আপনার সৃষ্টি সব লহ নারায়ণ॥
এতেক বলিল ব্রহ্মা করুণ-বচন।
প্রভু ভক্তবৎসল দিলেন তাহে মন॥
হে ব্রহ্মন্, ইহার উপায় বল মোরে।
কোন্ বংশে জন্ম লব বল কার ঘরে॥
কাহার উদরে আমি লইব জনম।
আমারে বা অপত্য বলিবে কোন্ জন॥
ব্রহ্মা বলে, জন্ম লবে দশরথ-ঘরে।
সূর্য্যবংশ-পুণ্যেতে কৌশল্যার উদরে॥
বিধাতার বচনে বলেন চক্রপাণি।
দশরথ কৌশল্যা উভয়ে আমি জানি॥
পূর্ব্বেতে আমায় সেবা করেছে বিস্তর।
জন্মিব তোমার ঘরে, দিয়াছি এ বর॥
নরের গর্ভেতে আমি লইব জনম।
বানরীর গর্ভে জন্ম লহ দেবগণ॥
আমি নর হই, হও তোমরা বানর।
রাবণ মারিতে যেন হইও দোসর॥
ব্রহ্মাবাক্যে স্বীকার করেন নারায়ণ।
পদতলে পড়ি লক্ষ্মী জুড়িল ক্রন্দন॥
তব অবতার হবে পৃথিবীমণ্ডলে।
তোমা দরশন আমি পাব কতকালে॥
আমারে ছাড়িয়া কোথা যাইবে শ্রীহরি।
বিচ্ছেদ-যন্ত্রণা আমি সহিতে না পারি॥
লক্ষ্মীর রোদনেতে কান্দেন কম্বুগ্রীব।
ব্রহ্মারে জিজ্ঞাসে, কোথা লক্ষ্মীরে রাখিব
শুনিয়া সে বাক্য ব্রহ্মা নিবেদন করে।
উনি নাহি গেলে কি রাবণ রাজা মরে॥
অদেহসম্ভবা উনি জন্মিবেন চাষে।
জনকের ঘরে জন্ম মিথিলার দেশে॥

দশ মুখ মেলিয়া রাবণ রাজা হাসে।
কেতকী কুসুম যেন ফুটে ভাদ্রমাসে॥
না বুঝিয়া কথা কহ ভাই বিভীষণ।
আমার কি শত্রু আছে হেন লয় মন॥
রাবণের কথা শুনি বলে বিভীষণ।
পরিণামে এই কথা করিবে স্মরণ॥
রাবণ সমুদ্র বলি লাগিল ডাকিতে।
আসিয়া সমুদ্র দাঁড়াইল জোড়হাতে॥
রাজা বলে, পৃথিবীতে যত তীর্থ আছে।
সকল তীর্থের জল আন মোর কাছে॥
বাক্য মাত্র বলিতে বিলম্ব না হইল।
সকল তীর্থের জল সম্মুখে আইল॥
তীর্থজলে দশানন করিলেক স্নান।
দরিদ্র দুঃখীরে রাজা করে স্বর্ণদান॥
যতেক কাঞ্চন দিল নাম লব কত।
ধেনু দান, শিলা দান, করে শত শত॥
দানপুণ্য করিয়া বসিল দশানন।
ভাবিল অমর আমি নাহিক মরণ॥
কৃত্তিবাস পণ্ডিতের কবিত্ব বিচক্ষণ।
রামের প্রীতিতে হরি বল সর্ব্বজন॥

—

### বানরগণের জন্মবিবরণ

নররূপে জন্মিলেন প্রভু-নারায়ণ।
বানররূপেতে জন্ম নিল দেবগণ॥
হইল ইন্দ্রের পুত্র বালী কপিবর।
সুগ্রীব বীরের জন্ম দিলেন ভাস্কর॥
কিষ্কিন্ধ্যার ফল মূল খাইতে রসাল।
ফল মূল খায় দোঁহে, বিক্রম বিশাল॥
তেজ হৈতে তেজ বাড়ে, সম্পদে সম্পদ।
হইল বালীর পুত্র কুমার অঙ্গদ॥
হইল ব্রহ্মার সুত মন্ত্রী জাম্বুবান।
হইলেন পবনের পুত্র হনুমান॥
হেমকূট নামে কপি বরুণনন্দন।
পঞ্চ পুত্র যমের যে যম-দরশন॥
জন্মিল শিবের পুত্র কেশরী বানর।
দিনে দিনে বাড়ে যেন শাল তরুবর॥
অগ্নিসুত হইলেন নীল সেনাপতি।
কুবেরের পুত্র হয় বানর প্রমাথী।
প্রত্যেক কহিলে হয় পুস্তক বিস্তর।
একৈক দেবের পুত্র একৈক বানর॥
কৃত্তিবাস পণ্ডিত যে সুখী সর্ব্ব দণ্ডে।
বানরের জন্ম এবে গায় আদ্যকাণ্ডে॥

—

### দশরথের চারি পুত্রের অন্নপ্রাশন

একৈক গণনে যে হইল চারি দিন।
পাঁচ দিনে পাঁচটি করিল পর দিন॥
ছয় দিনে ষষ্ঠীপূজা নিশি-জাগরণে।
দিল অষ্ট কলাই অষ্টাহে শিশুগণে॥
ডাক দিয়া আনে রাজা বালকগণেরে।
কাপড় পূরিয়া সোনা দিল সবাকারে॥
ত্রয়োদশে রাজার হইল অশৌচান্ত।
কতেক করিল দান তার নাহি অন্ত॥
ছয় মাস বয়স্ক হইলে চারিজন।
করাইল সবাকার ওদনপ্রাশন॥
আমন্ত্রণ করিয়া সকল ক্ষত্রগণে।
আনাইল দশরথ আপন ভবনে॥
আসিল বশিষ্ঠ মুনি মহানন্দ-মনে।
চারি পুত্রমুখে অন্ন দিল শুভক্ষণে॥
দশরথ চারি পুত্র লয়ে নিজ কোলে।
মিষ্ট অন্ন জল দিল বদনকমলে॥
বসিলেন চারি ভাই সুচারুবদন।
কৌতুকে যৌতুক দিল সবে রত্ন ধন॥
সকলে যৌতুক দিল আসি রাজধাম।
বিচার করেন সবে রাখেন কি নাম॥

শ্রীরাম করেন যুদ্ধ কাঁপাইয়া মাটি।
রাম-বাণে পড়িল রাক্ষস তিন কোটি ॥
তিন কোটি পড়ে যদি রণের ভিতর।
রামের উপরে মারে চোখা চোখা শর ॥
নিরন্তর বাণ মারে নিশাচরগণ।
সহিষ্ণুতা কত করিবেন দুই জন ॥
হইলেন জর্জ্জর বাণেতে রঘুবীর।
শোণিত-শোভিত তাঁর শ্যামল শরীর ॥
আশীর্ব্বাদ করেন অমর দ্বিজচয়।
হউক রামের জয়, রাক্ষসের ক্ষয় ॥
ব্রাহ্মণের আশীর্ব্বাদে বাড়িল যে বল।
মার মার করিয়া গেলেন রণস্থল ॥
আকর্ণ পূরিয়া বাণ মারেন রাঘব।
বরিষয়ে বর্ষার যেমন মেঘ-সব ॥
অর্দ্ধচন্দ্র বিশিখের কি কহিব কথা।
তাহাতে কাটেন রাম দুই পাত্র-মাথা ॥
দুই পাত্র পড়ে যদি রণের ভিতর।
মারীচ রুষিল তবে তাড়কা-কোঙর ॥
কোথা গেল রাম, কোথা গেল বা লক্ষ্মণ।
তিন কোটি রাক্ষস মারিল কোন্ জন ॥
শ্রীরাম বলেন, রে তাড়কাহন্তা যেই।
তিন কোটি রাক্ষস মারিল রণে সেই ॥
মারীচ শুনিয়া তাহা কুপিল অন্তরে।
ঘন ঘন বাণ মারে রামের উপরে ॥
রামের উপরে বাণ পড়িতেছে নানা।
বৈশাখ মাসেতে যেন পড়য়ে ঝঞ্ঝনা ॥
মহাবীর রামচন্দ্র না হন কাতর।
শরবৃষ্টি করেন যেমন জলধর ॥
মারীচেরে রক্ষা করে ভাবি দেবগণ।
মারীচ মরিলে নহে সীতার হরণ ॥
বজ্রবাণ বলি রাম করিল স্মরণ।
আসিয়া সে বজ্রবাণ দিল দরশন ॥
শ্রীরামের বজ্রবাণ বজ্র সে হুড়ুকে।
নির্ঘাত পড়িল দুষ্ট মারীচের বুকে ॥
বুকে বাণ বাজিয়া নাটাই হেন ঘুরে।
ডানাভাঙ্গা পাখী যেন উড়ে ধীরে ধীরে ॥
ভ্রমিতে ভ্রমিতে যায় মারীচ কাতর।
সাত দিনে উত্তরিল লঙ্কার ভিতর ॥
বহু জীব খাইয়া মারীচ লঙ্কাবাসী।
বিবেকে সংসার ত্যজি হইল সন্ন্যাসী ॥
কহে, যদি মরিতাম বালকের রণে।
কি করিত দস্যুবৃত্তি, কি করিত ধনে ॥
শিরে জটা ধরিয়া বাকল পরিধান।
শয়নে স্বপনে করে রামময় ধ্যান ॥
বটবৃক্ষ-তলে তপ কৈল আরম্ভন।
রাম বিনা মারীচের অন্যে নাহি মন ॥
হেথা যজ্ঞ মুনিগণ করি সমাধান।
আশিস্ করেন রামে দিয়া দূর্ব্বাধান ॥
যজ্ঞ-অবশেষে যেই ফলমূল ছিল।
খাইতে সে-সব ফল দুই ভায়ে দিল ॥
সে রাত্রি বঞ্চেন রাম মুনির আশ্রমে।
প্রভাতে একত্র হন মুনিগণ ক্রমে ॥
সভাতে বসিয়া যুক্তি করে সর্ব্বজন।
সামান্য মনুষ্য নহে, রাম নারায়ণ ॥
যিনি যজ্ঞেশ্বর, যজ্ঞ রাখিলেন তিনি।
দশরথ-পুণ্যফলে অবতীর্ণ ইনি ॥
রাক্ষসেরে ভয় বল কি কারণে আর।
রাক্ষস বধার্থে হরি স্বয়ং অবতার ॥
করিলেন যেই পণ জনক-ভূপতি।
রাম বিনা তাহাতে না হবে অন্যে কৃতী ॥
বিশ্বামিত্র বলেন, শুনহ রঘুবর।
মিথিলাতে হইবে সীতার স্বয়ম্বর ॥
করেছে প্রতিজ্ঞা এই জানকীর পিতা।
হরধনু ভাঙ্গিবে যে তাকে দিবে সীতা ॥

শতানন্দ বলেন বশিষ্ঠ মহাশয়।
সূর্য্যবংশ কি প্রকার দেহ পরিচয় ॥
বশিষ্ঠ বলেন, মুনি হোক বুঝাবুঝি।
কহ দেখি তুমি চন্দ্রবংশের কুলজি ॥
শতানন্দ মুনি বলে সভার ভিতর।
শুন চন্দ্রবংশের বিস্তার মুনিবর ॥
দেবাস্থরে মন্থন করিল সিন্ধুনীর।
তাহে লক্ষ্মী জগন্মাতা হইল বাহির ॥
সাগর-মথনেতে জন্মিল শশধর।
চন্দ্র নাম হইল তাঁহার মনোহর ॥
হইল চন্দ্রের পুত্র বুধ মতিমান।
পুরুরবা নামে তাঁর হইল সন্তান ॥
পুরুকুৎস নামে হৈল তাঁহার কুমার।
শতাবর্ত্ত নামে পুত্র বিদিত সংসার ॥
আর্য্যাবর্ত্ত নামে হৈল তাঁহার তনয়।
সেপদী নামেতে তাঁর পুত্র মহাশয় ॥
বাণ নামে পুত্র হৈল জানে সর্ব্বজন।
রেতে নামে তাঁর পুত্র অতি বিচক্ষণ ॥
ধ্রুব নামে পুত্র তাঁর বিদিত ভূতলে।
স্বর্গ নামে তাঁর পুত্র সর্ব্বলোকে বলে ॥
স্বর্গ রাজার পুত্র সে সর্ব্ব নাম ধর।
হৈহয় নামেতে তাঁর পুত্র মনোহর ॥
হৈহয়ের নন্দন অর্জ্জুন নাম ধরে।
নিমি নামে তাঁর পুত্র তুলনা অমরে ॥
নিমির কীর্ত্তিতে ব্যাপ্ত সকল সংসার।
মিথি নামে তাঁহার হইল যে কুমার ॥
সকলে মিলিয়া তাঁর মথিল শরীর।
তাহাতে জন্মিল পুত্র মিথি নামে বীর ॥
সেই বসাইল এই মিথিলা নগর।
জনক কুশধ্বজ তাঁহারই কোঙর ॥
বশিষ্ঠ বলেন, শুনিলাম বিবরণ।
আমি কথা কহি তবে তাহে দেহ মন ॥
আদি পুরুষের নাম হৈল নিরঞ্জন।
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর পুত্র তিন জন ॥
তিন পুত্র হইল, তনয়া এক জানি।
সকলে তাঁহার নাম রাখিল কন্দিনী ॥
জরৎকারু-মুনিপুত্র নারদ বীণাপাণি।
তাঁহাকে বিবাহ দিল কন্দিনী ভগিনী ॥
সবে গীত গায়, নারদ বাজায় বেণু।
তাহাতে জন্মিল এক কন্যা তার ভানু ॥
তাহাকে বিবাহ দিল জামদগ্ন্য বরে।
এক অংশে নারায়ণ জন্মিল সে ঘরে ॥
ব্রহ্মার কাছেতে আসি বর সে মাগিল।
মরীচ নামেতে পুত্র তাহাতে জন্মিল ॥
মরীচের পুত্র হৈল নামেতে কশ্যপ।
তাঁহার তনয় সূর্য্য প্রচণ্ড প্রতাপ ॥
সূর্য্যের হইল পুত্র মনু নাম তাঁর।
মনুর নামেতে সর্ব্ব ব্যাপিল সংসার ॥
মনুর হইল পুত্র সুষেণ নামেতে।
প্রষেণ তাঁহার পুত্র বিদিত জগতে ॥
প্রষেণের পুত্র যুবনাশ্ব নাম ধরে।
রাজা হয় যুবনাশ্ব অযোধ্যানগরে ॥
যুবনাশ্ব রাজার বা কহিব কি কথা।
তাঁহার জন্মিল পুত্র নাম সে মান্ধাতা ॥
মান্ধাতার পুত্র হৈল মুচকুন্দ নাম।
তাঁর পুত্র হৈল ধুন্ধুমার গুণধাম ॥
তাঁহার হইল পুত্র ইলা নাম ধরে।
তাঁর পুত্র শতাবর্ত্ত অযোধ্যানগরে ॥
আর্য্যাবর্ত্ত নামে তাঁর হইল নন্দন।
ভরত তাঁহার পুত্র জানে সর্ব্বজন ॥
ভরত রাজার আর কি কব বাখান।
যাঁর নামে পৃথিবীতে ভারত পুরাণ ॥
তাঁর পুত্র হইল ইক্ষ্বাকু নরপতি।
বশিষ্ঠ পুরোধা যাঁর, সুমন্ত্র সারথি

# সপ্তকাণ্ড রামায়ণ

—:—:—

## অযোধ্যাকাণ্ড

### শ্রীরামচন্দ্রের রাজা হইবার প্রস্তাব

দ্বিতীয় অযোধ্যাকাণ্ড শুন সর্ব্বজন।
কৈকেয়ীর বাক্যে রাম যাইবেন বন॥
বৃদ্ধ রাজা দশরথ শিরে শুভ্র কেশ।
আসন বসন শুভ্র শুভ্র সর্ব্ব বেশ॥
রাজত্ব করেন রাজা বসি সিংহাসনে।
আইল সকল রাজা রাজ-সম্ভাষণে॥
হস্তী ঘোড়া নানা রত্ন নানা আভরণ।
বিবাহ-যৌতুক রামে দেন রাজগণ॥
নমস্কার করি বলে জোড় করি হাত।
মহারাজ দশরথ তুমি লোকনাথ॥
এক নিবেদন করি শুন নৃপবর।
শ্রীরামেরে রাজা কর সর্ব্বগুণাকর॥
বালক শ্রীরাম চুলে পঞ্চঝুঁটি ধরে।
মারীচ রাক্ষস পলাইল যাঁর ডরে॥
রামতুল্য বীর আর নাহি ত্রিভুবনে।
রাম রাজা হইলে আনন্দ সর্ব্বজনে॥
অন্তরে সানন্দ রাজা শুনিয়া বচন।
বাক্যছলে সবার বুঝেন রাজা মন॥
শ্রীরাম হইলে রাজা সবার সন্তোষ।
বৃদ্ধকালে আমি করিলাম কিবা দোষ॥
পুত্রবৎ পালি প্রজা করি দুষ্টে দণ্ড।
কোন্ দোষে আমার ঘুচাও রাজদণ্ড॥
আনন্দিত অন্তরে, বাহিরে ওষ্ঠ চাপে।
ভূপতির কোপ দেখি সর্ব্ব রাজা কাঁপে॥
সবারে সভয় দেখি দশরথ কয়।
পরিহাস করিলাম, না করিহ ভয়॥
বশিষ্ঠেরে ডাকি আনি কুলপুরোহিত।
রামে রাজা কর সবে হয়ে হরষিত॥
ভূপতির অনুজ্ঞা পাইয়া সর্ব্বজন।
করিল সকলে তাঁর চরণ-বন্দন॥
ভূপতি বলেন, শুন পাত্রমিত্রগণ।
রামে রাজা করিব করহ আয়োজন॥
নানা পুষ্প বিকাশ বসন্ত চৈত্র মাস।
কালি রাম রাজা হবে আজ অধিবাস॥
অধিবাস করিতে যতেক দ্রব্য লাগে।
সে-সকল দ্রব্য আহরণ কর আগে॥
শ্রীরামের অধিবাসে যত দ্রব্য চাই।
সে-সকল আনি দেহ বশিষ্ঠের ঠাঁই॥
সুমন্ত্র সারথি তুমি চলহ সত্বর।
রথে করি আন রামে আমার গোচর॥
আজ্ঞা পেয়ে সুমন্ত্র চলিল শীঘ্রগতি।
শ্রীরামেরে আনিল যেখানে মহীপতি॥
কতদূরে রথ হইতে উঠিলেন রাম।
পিতার চরণে পড়ি করিল প্রণাম॥
আশীর্ব্বাদ করিলেন রাজা শ্রীরামেরে।
সিংহাসনে বসাইলা হরিষ-অন্তরে॥

পূর্ব্বকথা রাজার অবশ্য হবে মনে।
দুই বর মাগিহ রাজার বিদ্যমানে॥
এক বরে করাইবা রাজা ভরতেরে।
আর বরে পাঠাইবা অরণ্যে রামেরে॥
চতুর্দ্দশ বর্ষ যদি রাম থাকে বনে।
পৃথিবী পুরাবে তুমি ভরতের ধনে॥
তুমি যদি প্রাণ চাহ রাজা প্রাণ দেয়।
রাম হেন প্রিয়পুত্র বনে উপেক্ষয়॥
এমনি আসক্ত রাজা তোমার উপর।
সত্যে বদ্ধ আছে, কেন নাহি দিবে বর॥
ফিরিল কৈকেয়ী রাণী কুঁজীর বচনে।
অধর্ম্ম অযশ কিছু নাহি করে মনে॥
ঘোর ব্রহ্মশাপ আছে কৈকেয়ীর তরে।
সেই দোষে কৈকেয়ী প্রমাদ এত করে॥
পিত্রালয়ে কৈকেয়ী ছিলেন শিশুকালে।
করিয়াছিলেন ব্যঙ্গ ব্রাহ্মণেরে ছলে॥
তাহাতে জন্মিল ব্রাহ্মণের মনে তাপ।
কুপিয়া ব্রাহ্মণ তাঁরে দিল ব্রহ্মশাপ॥
দেখিয়া করিস্ ব্যঙ্গ কহিস্ কর্কশ।
সর্ব্বলোকে গায় যেন তব অপযশ॥
ব্রহ্মশাপ কৈকেয়ীর না হয় খণ্ডন।
সেই হেতু ঘটিলেক এ-সব ঘটন॥
অনন্তর কৈকেয়ীর প্রসন্ন-বদন।
করে ধরি কুঁজীরে করিল আলিঙ্গন॥
কুঁজীরে কৈকেয়ী কহে অতি হৃষ্টমনে।
তব তুল্য গুণবতী না দেখি ভুবনে॥
যত বল সকলি সে নহে ত কুৎসিত।
সকলি অহিত মম তুমি মাত্র হিত॥
গৌরবর্ণ ধর তুমি যেন চন্দ্রকলা।
গলায় তুলিয়া দেহ দিব্য পুষ্পমালা॥
রত্নহার লও, পর কুঁজের উপর।
ভরত হইলে রাজা দিব ত বিস্তর॥
যেমন বিস্তর সেবা করিলি আমার।
যদি দিন পাই তবে শুধিব সে ধার॥
যদি রাজা রামেরে পাঠায় আজি বন।
তবে সে করিব স্নান করিব ভোজন॥
প্রতিজ্ঞা করিনু আমি তব বিদ্যমানে।
কাননে পাঠাই রামে দেখ এইক্ষণে॥
কৈকেয়ীর কথা শুনি কুঁজীর উল্লাস।
রচিল অযোধ্যাকাণ্ড পণ্ডিত কৃত্তিবাস॥

—

### ভরতকে রাজ্য দিতে ও শ্রীরামচন্দ্রকে বনবাসে পাঠাইতে দশরথের নিকট কৈকেয়ীর প্রার্থনা

কুঁজী বলে, কৈকেয়ী বিলম্ব নাহি সাজে।
রাম রাজা হইলে নহিবে কোন কাজে॥
যাবৎ না দেয় রাজা রামে সিংহাসন।
তাবৎ রাজার ঠাঁই কর নিবেদন॥
এক্ষণে আসিবে রাজা তোমা সম্ভাষণে।
যেরূপ কহিবা তাহা চিন্তা কর মনে॥
শুনিয়া কুঁজীর বাক্য কৈকেয়ী সেকালে।
আভরণ ফেলাইয়া লোটে ভূমিতলে॥
হেথা দশরথ রাজা হরষিত মনে।
চলিলেন কৌতুকে কৈকেয়ী-সম্ভাষণে॥
ভাবিলেন, সম্ভাষিয়া আসিয়া সত্বর।
শ্রীরামে করিব আমি ছত্রদণ্ডধর॥
নাহি গেলে কৈকেয়ী করিবে অনুযোগ।
ধন জন বিফল আমার রাজ্যভোগ॥
দশরথ নৃপতির নিকট-মরণ।
ঘরে ঘরে কৈকেয়ীরে করে অন্বেষণ॥
যে ঘরে কৈকেয়ীদেবী লোটে ভূমিপরে।
বিধির নির্ব্বন্ধ, রাজা গেল সেই ঘরে॥
পূর্ব্বজ্ঞানে গেল রাজা না জানে প্রমাদ।
গড়াগড়ি যায় রাণী করিছে বিষাদ॥

বড় বড় সাঙ্গি দিয়া হনুমানে বান্ধে।
দুই লক্ষ রাক্ষসে তাহারে করে কান্ধে॥
রাক্ষসের কান্ধে বীর মনে মনে হাসে।
কত রঙ্গ করে বীর মনের উল্লাসে॥
যেই ভিতে হনুমান কিছু দেয় ভর।
'রাখ' বলি রাক্ষস ছাড়িয়া দেয় রড়॥
সাত লক্ষ নিশাচর টানাটানি করে।
অচল হইল হনু রাবণের দ্বারে॥
নাড়িতে না পারে তারা সবে পায় ত্রাস।
সত্বরে কহিল গিয়া রাবণের পাশ॥
কষ্টেতে হইল বন্দী সে দুষ্ট বানর।
না আসে শরীর তার দ্বারের ভিতর॥
হাসিয়া রাবণ তারে কহে সন্নিধান।
দ্বার ভাঙ্গি ঝাট আন দেখি হনুমান॥
দ্বার ভাঙ্গি পথ করি আনহ তাহারে।
রাজার আজ্ঞায় দূত আইল সত্বরে॥
সাত দ্বার ভাঙ্গে তারা এক দ্বার রয়।
অচল হইল হনু, নাড়া নাহি যায়॥
আপন ইচ্ছায় গেল পবননন্দন।
পাত্র মিত্র সহ যথা বসেছে রাবণ॥
রাজার কুমারগণ বসি সারি সারি।
বসিয়াছে সবে যেন অমরনগরী॥
চারিভিতে দেবকন্যা মধ্যেতে রাবণ।
আকাশের চন্দ্র যেন বেড়ি তারাগণ॥
রাবণ ব্রহ্মার বরে কারে নাহি গণে।
চন্দ্র সূর্য্য ভয়ে বসে রাবণ-সদনে॥
তার দশ শিরে শোভা করে দশ মনি।
সম্মুখেতে পড়িয়াছে সর্ব্বাঙ্গ-দাপুনি॥
দেখিল বানর গিয়া রাবণ-সম্পদ।
ত্রাস পাইয়া হনুমান ভাবে রামপদ॥
রাবণের সম্পদ দেখিয়া তার ত্রাস।
সুন্দরাকাণ্ডেতে গীত গায় কৃত্তিবাস॥

### হনুমান রাবণের নিকট পরিচয় দেয় ও বিভীষণ রাবণকে হিত বুঝায়

দশানন বলিছে, তোমার নাহি ডর।
সত্য করি কহ রে কাহার তুমি চর॥
স্বরূপেতে কহ যদি, খসাব বন্ধন।
মিথ্যা যদি কহ তবে বধিব জীবন॥
হনুমান বলে, আমি শ্রীরামের দূত।
ভাঙ্গিলাম তোমার কানন সে অদ্ভুত॥
বন্ধন মানিনু তোমা দেখিবারে মনে।
শ্রীরামের কথা কহি শুন সাবধানে॥
সবে শুনিয়াছ দশরথ মহীপতি।
জ্যেষ্ঠপুত্র রাম তাঁর বধূ সীতা সতী॥
অগোচরে রাবণ হরিলা তুমি সীতে।
সুগ্রীবের মিত্রভাব সীতা অন্বেষিতে॥
যে বালি-রাজার স্থানে তব পরাজয়।
সেই বালি মারিলেন রাম মহাশয়॥
তোর ব্রহ্ম অস্ত্র মোর কি করিতে পারে।
বন্ধন মানিনু কিছু বুঝাবার তরে॥
রাম সুগ্রীবের যুক্তি তাহা আমি জানি।
কুম্ভকর্ণে আর তোরে বধিবেন তিনি॥
ইন্দ্রজিতে মারিবেন ঠাকুর লক্ষ্মণ।
আর যত রাক্ষস মারিবে কপিগণ॥
এই সত্য করিলেন সুগ্রীবের আগে।
আমি তোরে মারিলে তাঁহার সত্য ভাঙ্গে॥
মোর আগে ধরিয়াছ ছত্র নবদণ্ড।
লাঙ্গুলের বাড়িতে করিব খণ্ড খণ্ড॥
লইয়া যাইব তোরে গলে দিয়া দড়ি।
দশ মুণ্ড ভাঙ্গিব মারিয়া এক নড়ি॥
এতেক বলিল যদি পবননন্দন।
বানরে কাটিতে আজ্ঞা করে দশানন॥
'কাট' 'কাট' বলি ঘন ডাকিছে রাবণ।
মাথা নোঙাইয়া বলে ভাই বিভীষণ॥

কুক্ষণে পোহাল প্রভু আজিকার রাতি।
অভাগিনী হারালাম তোমা হেন পতি॥
আপদ পড়িলে প্রভু সহোদর ছাড়ে।
লক্ষ্মণ বানরসৈন্য লয়ে দেশে নড়ে॥
বিদেশে আসিয়া প্রভু হারাল জীবন।
লক্ষ্মণ দেশেতে গেল এড়িয়া মরণ॥
সহোদর ছাড়িয়া দেবর দেশে গেলি।
রাক্ষসের হাতেতে প্রভুরে দিয়া ডালি॥
শুনিয়া কৌশল্যা দেবী তোমার মরণ।
ত্যজিবেন প্রভু তব শোকেতে জীবন॥
জনকের ঘরে ছিলাম অভাগিনী সীতা।
জনমত্বঃখিনী আমি নাহি মাতা পিতা॥
তোমার চরণ সেবি আইলাম বনে।
আমারে ত্যজিয়ে কোথা গেলে হে এক্ষণে॥
অগ্নিতে প্রবেশ করি ত্যজিব জীবন।
একবার দেখা দেহ কমললোচন॥
রাজ্যনাশ বনবাস স্ত্রী নিলেক পরে।
কেন বিধি বিড়ম্বিল রাম হেন নরে॥
সর্ব্বলোকে বলে মোরে অবিধবা সীতা।
আমারে বিধবা কৈলা কেমন দেবতা॥
অকারণে আছ রে রাবণ মোর আশে।
গলায় কাটারী দিয়া যাব প্রভুপাশে॥
যে খাণ্ডায় প্রভুরে করিলি দুইখান।
সেই খড়্গে কাট মোরে যাউক পরান॥
কৃত্তিবাস পণ্ডিতের কবিত্ব বাখান।
লঙ্কাকাণ্ডে মায়ামুণ্ড করিলেন গান॥

—

মায়ামুণ্ডদর্শনে সীতার বিলাপ

এমনি বাণের শিক্ষা, মুনিগণে কৈলে রক্ষা,
তাড়কা মারিলে এক বাণে।
সুবাহু রাক্ষস মারি মুনি-যজ্ঞ রক্ষা করি
গেলা প্রভু জনক-ভবনে॥
শিবের ধনুকভঙ্গে, লোকে চমৎকার লাগে,
করেছিলে এ পাণিগ্রহণ।
পরশুরামে জিনি পরে গেলা প্রভু অযোধ্যারে,
জয় জয় সকল ভুবন॥
আমি স্ত্রী অভাগ্যবতী, হারালাম হেন পতি,
কান্দে সীতা মায়ামুণ্ড লৈয়া।
দৈব-ঘটনা-কারণে এলে প্রভু তপোবনে,
কোথা গেলে আমারে ত্যজিয়া॥
পরে নিল রাজাখণ্ড, বিধি মোরে কৈল দণ্ড,
ভাগ্যে মোর দৈবের লিখন।
দারুণ কৈকেয়ী তাতে বাদ সাধে বিধিমতে,
এবে হারাইনু রামধন॥
ত্যজিয়া রাজ্যের আশ, করিলে হে বনবাস,
পঞ্চবটী এলে তিন জন।
সূর্পণখা-নাক-কান কেটে কৈলে অপমান,
রাক্ষস বিপক্ষ তেকারণ॥
করিলে বিষম রণ, মারিলা খর দূষণ,
চৌদ্দ হাজার নিশাচর জিনি।
মারীচ রাক্ষসে মারি পাঠাইলা যমপুরী,
হেন প্রভু লোটায় ধরণী॥
বালি বানরেরে মারি সুগ্রীবেরে মিত্র করি
সাগর শুষিলে এক বাণে।
করিলা বিষম রণ বধি কত শত জন,
কার বাণে হারাইলা প্রাণে॥
স্মরিতে সেসব কথা অন্তরে লাগিছে ব্যথা,
সহনে না যায় এই দুখ।
ধন জন রাজ্যপদ কিছু নহে চিরপদ,
আর না দেখিব চাঁদমুখ॥
অনলে প্রবেশ করি কলেবর পরিহরি,
আমার জীবনে নাহি কাম।
কৃত্তিবাসের এই বাণী শুন শুন ঠাকুরাণী
পাইবে আপন প্রভু রাম॥

যত বেটা লঙ্কা আসি করেছে প্রবেশ।
বাহুড়িয়া একজন না যাইবে দেশ ॥
মেঘনাদের কথা শুনি রাবণ হর্ষিত।
কোলে করি মেঘনাদে কহিছে ত্বরিত ॥
লঙ্কা-অধিপতি তুমি পুত্র মেঘনাদ।
নর-বানর মারিয়া ঘুচাও প্রমাদ ॥
ভুঞ্জিতে লঙ্কার ভোগ আমি দশানন।
বিপক্ষ নাশিতে পুত্র হয়েছ এখন ॥
বাপের ছুলাল সেই পুত্র মেঘনাদ।
সর্ব্বাঙ্গ ভরিয়া পরে রাজার প্রসাদ ॥
অঙ্গুলে অঙ্গুরী পরে বাহুতে কঙ্কণ।
সর্ব্বাঙ্গে ভূষিত করে রাজ-আভরণ ॥
বীর পরিধানে পরে নেতের যে ফালি।
তিন শত ফের দিয়া বাঁধিল কাঁকালি ॥
সর্ব্বাঙ্গে লেপন করে চন্দনের সার।
গলার উপরে তুলে দিল রত্নহার ॥
স্বর্ণ নবগুণ পরে, পরে স্বর্ণপাটা।
ভুবন জিনিয়া ছটা কপালের ফোঁটা ॥
সোনার দাপনি লয় নব অঙ্গ বহি।
এমন সুন্দর রূপ ত্রিভুবনে নাহি ॥

—

ইন্দ্রজিতের দ্বিতীয়বার যুদ্ধে গমনোদ্যোগ

রাজ-আভরণ পরি দেবের বাঞ্ছিত।
সংগ্রামেতে সাজিল কুমার ইন্দ্রজিত ॥
ঘন ঘন সারথিরে করিছে মেলানি।
শীঘ্র কর রথসজ্জা, ডাকিছে আপনি ॥
সারথি আনিল রথ, সংগ্রামে গমন।
মনোহর বেশে রথ করিছে সাজন ॥
করিলেক রণসজ্জা রথের সারথি।
মাণিক্য প্রবাল কত নির্ম্মাইল তথি ॥
কনক-রচিত রথ সুতার সঞ্চারে।
চারিদিকে স্বর্ণবৃক্ষ ফল ফুল ধরে ॥
চন্দ্রসূর্য্য-তেজ জিনি রথের কিরণ।
প্রবাল মুকুতা কত রত্নের সাজন ॥
পার্ব্বতীয় ঘোড়া-গলে রত্নের বিম্বকি।
তেইশ অক্ষৌহিণী ঠাট যুদ্ধের ধানুকি ॥
কটকের পদভরে কাঁপিছে মেদিনী।
ইন্দ্রজিতের নিজ বাদ্য তিন অক্ষৌহিণী ॥
কাড়া পড়া ঢাক ঢোল তবোল টিকারা।
তুরী ভেরী জগঝম্প বীণা সপ্তস্বরা ॥
কাঁসী বাঁশী রাক্ষসী ঢাকের পরিপাটি।
দামাদা দগড়ে পরে লক্ষ লক্ষ কাটি ॥
ঢেমচা খেমচা বাজে, বাজে করতাল।
টমক খমক তাসা শুনিতে রসাল ॥
বাজে শিঙ্গা ডমরু তম্বুরা জয়ঢাক।
ঝাঁঝরি মোচঙ্গ আর মধুর পিনাক ॥
শঙ্খ বাজে ঘণ্টা বাজে মন্দিরা মৃদঙ্গ।
রণশিঙ্গা খঞ্জনী আর গভীর তোরঙ্গ ॥
কোটি কোটি জয়ঢাক ঘোর রবে বাজে।
কোটি কোটি জগঝম্প মহাশব্দে গাজে ॥
বেহালা মন্দিরা আর বীণা আদি কত।
কহিতে না পারা যায় তার সংখ্যা যত ॥
অসংখ্য সেতার বাজে কোটি কোটি ডম্ফ।
বাদ্যভাণ্ড ঘোর শব্দে ত্রিভুবনে কম্প ॥
তিন কোটি রাক্ষসেতে বাজায় মাদল।
গর্জ্জিয়া পবন যেন জুড়িল বাদল ॥
কটক সাজায়ে বীর যুঝিবারে নড়ে।
মন্দোদরী জননী তখন মনে পড়ে ॥
মায়ে না কহিয়া যদি যুদ্ধে যাত্রা করি।
অন্ন জল ত্যজিবেন মাতা মন্দোদরী ॥
ভক্তিভাবে জননীকে প্রণাম করিয়ে।
তবে যাব রণস্থলে মাতৃ-আজ্ঞা ল'য়ে ॥
এত ভাবি ইন্দ্রজিৎ সভক্তি-অন্তরে।
মাতার নিকটে বীর চলিল সত্বরে ॥

আপনা পাসরে কোপে বীর হনুমান।
নিকুম্ভে মারিল চড় বজ্রের সমান॥
চাপড় খাইয়া বীর কাঁপে থরথরি।
ভঙ্গ নাহি দেয় রণে বিক্রমে কেশরী॥
হনুমানের পানে বীর চাহে একদৃষ্টি।
কোপে হনুমান-বুকে মারে বজ্রমুষ্টি॥
মুষ্ট্যাঘাতে হনুমান হৈল অচেতন।
হনু কোলে লয়ে যায় ভেটিতে রাবণ॥
প্রথম বৃহন্দে যায় কোপে করি ডর।
দ্বিতীয় বৃহন্দে ফিরে চলে নিশাচর॥
উঠে ধায় নিকুম্ভ যে পরম হরিষে।
হনুমানে দেখিতে রমণী সব আইসে॥
নিকুম্ভেরে ধন্য ধন্য নারীগণ বলে।
ভাল কৈলে ঘরপোড়ায় ধরি' আনিলে॥
সুগ্রীবেরে বন্দী করেছিল তব বাপে।
ঘরপোড়া হৈল বন্দী তোমার প্রতাপে॥
ঘরপোড়া বেটার ঘর পোড়াতে মন।
সমুদ্র লঙ্ঘিয়া আসে দুর্জ্জয় এমন॥
নিকুম্ভের কোলে হনু পাইলা চেতন।
কি বুদ্ধি করিবে এবে ভাবিছে তখন॥
সর্ব্ব অঙ্গ বিদারিল আঁচড় কামড়ে।
দুই কান ছিঁড়ে নিল হাতের মোচড়ে॥
পরিত্রাহি ডাকে বীর, ছাড় ছাড় বলে।
ভয় পাইয়া তুলে ফেলে গগনমণ্ডলে॥
অন্তরীক্ষে লাফ দিয়া হাতে দুই কান।
নিকুম্ভের স্কন্ধে চড়ে বীর হনুমান॥
হাতে চুল জড়ায়ে মস্তক ছিঁড়ে ফেলি।
মুণ্ড লয়ে যায় হনুমান মহাবলী॥
সিংহনাদ করি চলে পবনের বেগে।
এক লাফে উপনীত শ্রীরামের আগে॥
নিকুম্ভের মুণ্ড দেখে রঘুনাথের হাস।
নিকুম্ভের বিনাশ গাইল কৃত্তিবাস॥

### মকরাক্ষের যুদ্ধ ও পতন

ভগ্নপাইক কহে গিয়া রাবণ-গোচর।
পড়িল নিকুম্ভ কুম্ভ শুন লঙ্কেশ্বর॥
কুম্ভ-নিকুম্ভের মৃত্যু শুনিয়া রাবণ।
সিংহাসন হৈতে পড়ে হারায় চেতন॥
দেব দানব গন্ধর্ব্ব করিত রণে শঙ্কা।
কুম্ভ আর নিকুম্ভ পড়ে শূন্য হৈল লঙ্কা॥
কুড়ি চক্ষে পড়ে ধারা রাজা লঙ্কেশ্বর।
মকরাক্ষ মহাবীরে আনিল সত্বর॥
মকরাক্ষ প্রণমিল রাবণের পায়।
কুড়ি হস্ত রাবণ তার অঙ্গেতে বুলায়॥
রাবণ বলে মকরাক্ষ তুমি যোদ্ধাপতি।
নর-বানর মেরে রাখ লঙ্কার বসতি॥
সেই পুত্র সুজন কুলের অলঙ্কার।
পিতৃশত্রু বধ ক'রে শোধে পিতৃধার॥
রাত্রি দিবা কান্দে শোকে তোমার জননী।
সে রাগে রামের সীতা আমি হরে আনি॥
তাহার কারণ হৈল এত বিসম্বাদ।
রাম-লক্ষ্মণেরে মেরে ঘুচাও বিবাদ॥
মকরাক্ষ বলে চিন্তা না কর রাজন।
এখনি মারিব শত্রু শ্রীরাম-লক্ষ্মণ॥
রাবণ বলে বড় বীর তুমি মকরাক্ষ।
বড় প্রীতি পাইলাম শুনি তব বাক্য॥
এত বলি মকরাক্ষে পাঠায় যুঝিতে।
রণসজ্জা করে দেয় আপনার হাতে॥
মস্তকে মুকুট দিল, অঙ্গে দিল সানা।
কাড়া পড়া ঢাক ঢোল বাজায় বাজনা॥
মকরাক্ষ বলে শুন প্রতিজ্ঞা রাজন।
মোর সনে রণে না এড়াবে কোন জন॥
রাম-লক্ষ্মণ সুগ্রীব রাক্ষস বিভীষণ।
চারি জনার রক্তে পিতার করিব তর্পণ॥

খরেরে মারিয়াছিলাম এক দণ্ড রণে।
দুই প্রহর হইল বেটা যুঝে মোর সনে॥
সন্ধান পূরিয়া রাম চাহে চারিভিতে।
বাণে অন্ধকার করে না পান দেখিতে॥
রণেতে পণ্ডিত রাম বিষ্ণু-অবতার।
চিকুর-বাণেতে দীপ্ত হয় অন্ধকার॥
এড়েন ঐষিক-বাণ তারা যেন ছুটে।
হাতের ধনুক তার পাড়িলেক কেটে॥
মকরাক্ষ মহাবীর জাঠা লয় হাতে।
সে জাঠা কাটেন রাম দেখিতে দেখিতে॥
জাঠা যদি কাটা গেল শেলমাত্র তাড়া।
এড়িলেক শেলখান দিয়া অঙ্গ-নাড়া॥
সূর্য্যের কিরণ যেন আসে শেল-বাণ।
ঐষিক-বাণেতে রাম কৈলা খান খান॥
সর্ব্ব অস্ত্র কাটা গেল মকরাক্ষ রোষে।
বজ্রমুষ্টি মারিতে পবন-বেগে আসে॥
দেখিয়া ত রঘুনাথ পূরিলা সন্ধান।
অর্দ্ধচন্দ্র-বাণে কাটে হস্ত দুই খান॥
হস্ত কাটা গেল বেটা দন্ত কড়মড়ে।
ধাইয়া রামেরে যায় খাইতে কামড়ে॥
বদন বিস্তারি যায় অতি পরিতাপে।
অগ্নি-অস্ত্র রঘুনাথ বসাইলা চাপে॥
অগ্নিবাণ জুড়িয়া ধনুকে দিলা টান।
অগ্নিবাণে মকরাক্ষের বাহিরায় প্রাণ॥
তিন প্রহর যুদ্ধ কৈল শ্রীরামের সনে।
সন্ধ্যাকালে মকরাক্ষ পড়ে অগ্নিবাণে॥
কৃত্তিবাস পণ্ডিতের মধুর বচন।
লঙ্কাকাণ্ডে মকরাক্ষ হইল পতন॥

—

তরণীসেনের যুদ্ধ ও পতন

ভগ্নপাইক কহে গিয়া রাবণ-গোচর।
মকরাক্ষ পড়ে রণে শুন লঙ্কেশ্বর॥
শোকের উপরে শোক হৈল বিপরীত।
সিংহাসন হৈতে পড়ে হইয়া মূর্চ্ছিত॥
পাত্রমিত্র আসিয়া বুঝায় বহুতর।
ধরাসনে বসি রাজা কান্দিল বিস্তর॥
মরিয়া না মরে রাম বিপরীত বৈরী।
বীরশূন্য হৈল এ কনক-লঙ্কাপুরী॥
কুম্ভকর্ণ অতিকায় বীর অকম্পন।
নর-বানরের যুদ্ধে হইল নিধন॥
কে আছে এমন বীর পাঠাইব কারে।
মারে রাম লক্ষ্মণ ও সুগ্রীব বানরে॥
মন্ত্রণা করয়ে রাজা ল'য়ে মন্ত্রিগণ।
তরণীসেনেরে তবে হইল স্মরণ॥
রাজার আদেশে বীর আইল তরণী।
প্রণমিল দশাননে লোটায়ে ধরণী॥
আলিঙ্গন করি রাজা বাড়ায় সম্মান।
যুঝিতে আরতি কৈল দিয়া পুষ্প পান॥
রাবণ বলে লঙ্কাপুরী রাখহ তরণী।
এতেক প্রমাদ হবে আগেতে না জানি॥
তব পিতা বিভীষণ ধর্ম্মেতে তৎপর।
হিত-উপদেশ ভাই বুঝাল বিস্তর॥
অহঙ্কারে মত্ত আমি ছন্ন হৈল মতি।
বিনা অপরাধে আমি মারিলাম লাথি॥
আমারে ছাড়িয়া গেল ভাই বিভীষণ।
অনুরাগে লইয়াছে রামের শরণ॥
সন্ধি উপদেশ কথা সেই দেয় ক'য়ে।
শ্রীরাম আছেন ব'সে কালরূপী হয়ে॥
শত্রুর সপক্ষ হইয়াছে তব পিতে।
মজিল কনক-লঙ্কা তার মন্ত্রণাতে॥
তুমি তার পুত্র বট, নহ তার মত।
চিরদিন জানি তুমি মম অনুগত॥
রাজ্য জন লহ বাপু স্বর্ণলঙ্কাপুরী।
রাখহ রাক্ষসকুল মারি সব বৈরী॥

মহী যদি করিলেক এতেক আশ্বাস।
হাত বাড়াইয়া যেন পাইল আকাশ ॥
দশানন বলে তুমি প্রাণের সমান।
তোমা হৈতে আমার হইবে পরিত্রাণ ॥
বুঝিলাম তোমা হৈতে বৈরী হবে ক্ষয়।
তোমার গুণেতে মোর সর্ব্বস্থানে জয় ॥
মহী বলে শুন পিতা লঙ্কা-অধিকারী।
স্থির হয়ে বৈস তুমি আমি মারি বৈরী ॥
দুইজনে কহে কথা বসি সিংহাসনে।
বিভীষণ নিবেদিল রামের চরণে ॥
জোড়হাতে রঘুনাথে বলে বিভীষণ।
নিশ্চিন্ত হইয়ে কেন রয়েছে রাবণ ॥
ইন্দ্রজিৎ পড়িয়াছে বীর নাহি আর।
কি মন্ত্রণা করে রাজা দেখি একবার ॥
প্রণমিয়ে শ্রীরাম-লক্ষ্মণ জাম্বুবানে।
পক্ষিরূপ হইয়ে চলিল বিভীষণে ॥
রাবণের অন্তঃপুরে গেল অনিমিখে।
রাবণ সহিত মহীরাবণেরে দেখে ॥
পিতা পুত্রে দুইজনে বসি একাসনে।
যুক্তি করে দুজনেতে হরষিত মনে ॥
মহীরাবণেরে দেখে চিন্তি বিভীষণ।
রামের নিকটে এল ত্বরিত-গমন ॥
বিভীষণ কহে আসি করি জোড়হাত।
আজি বড় সঙ্কট যে দেখি রঘুনাথ ॥
রাবণের পুত্র এক সে মহীরাবণ।
মায়ার সাগর বেটা বুদ্ধে বিচক্ষণ ॥
মন্দোদরী-গর্ভে সেই জন্মিল তনয়।
তাহার সংগ্রামে সুরাসুর করে ভয় ॥
পাতালপুরেতে থাকে বাপের আদেশে।
মহাবল পরাক্রম সবে ভয় বাসে ॥
তাহার সংগ্রামে প্রভু কারো নাহি রক্ষা।
ত্রিভুবন-বিজয়ী ধনুক-বাণ শিক্ষা ॥

মায়া পাতি ডাকিনী ছাওয়াল যেন হরে।
সেইমত মহী মায়া ক'রে চুরি করে ॥
কত মায়া ধরে কেহ নাহি জানে সন্ধি।
মহামায়া তার ঘরে সত্যে আছে বন্দী ॥
যাহা মনে করে তাহা করিবারে পারে।
ত্রিভুবন কাঁপে মহীরাবণের ডরে ॥
হেন দুষ্ট আসিয়াছে লঙ্কার ভিতর।
আজি নিশা জাগ সবে হইয়া সত্বর ॥
বুঝিয়া সুযুক্তি কর মন্ত্রী জাম্বুবান।
মহীর মায়াতে কিসে পাবে পরিত্রাণ ॥
জাম্বুবান কহে, শুন বীর হনুমান।
বিপত্তে নাহিক বন্ধু তোমার সমান ॥
বিভীষণের বাক্যে করহ অবগতি।
কিরূপে নিস্তার পাব আজিকার রাতি ॥
হনুমান বলে শুন যত বীরভাগে।
চোর বেটা বিনাশিব সারা রাত্রি জেগে ॥
মরিল সকল বীর, মহী বেটা আছে।
বধি মহীরাবণে রাবণ বধি পাছে ॥
এখনো রাবণ বেটা জীতে সাধ করে।
লঙ্কাপুরী উপাড়িয়া ডুবাব সাগরে ॥
চতুর্দ্দশ ভুবনেতে সুগ্রীবের গতি।
যেখানে লুকায়ে থাকে নাহি অব্যাহতি ॥
লেজের কুণ্ডলী গড় করিব নির্ম্মাণ।
সকলে জাগিয়া থাক হয়ে সাবধান ॥
রহিব সকল কপি গড় আগুলিয়ে।
কার সাধ্য যাইবেক আমারে ভাণ্ডায়ে ॥
বিভীষণ বলে শুন পবননন্দন।
প্রতীত তোমার বাক্যে হবে কোন্ জন ॥
যাবৎ এ কালনিশি প্রভাত না হয়।
তাবৎ আমার মনে না হবে প্রত্যয় ॥
শ্রীরাম বলেন শুন পবনকুমার।
আজি রাত্রি উদ্ধারিতে ভরসা তোমার ॥

মারিবারে হনুমান ধায় উভরড়ে।
ধরিতে না পারে শিশু পিছলিয়া পড়ে ॥
হেনকালে হনুমান চিন্তিল উপায়।
পবন-স্মরণে রণে ঝড় বয়ে যায় ॥
বিষম বাতাসে ধূলা লাগে গায় তার।
পাছাড়িয়া ধরে হনু কোথা যাবে আর ॥
দুই পদে ধরে তারে লয়ে ফেলে দূর।
পাথরে আছাড় মারি হাড় কৈল চূর ॥
সংগ্রামে আইল আর যত যত জন।
লইল সবার প্রাণ পবননন্দন ॥
পাতালেতে মুনিঋষি হৈলা আনন্দিত।
ভয় দূরে গেল সবে মহা হরষিত ॥
গেলেন দেবতাগণ আপনার স্থান।
সবে মিলি হনুমানে করিল কল্যাণ ॥
শক্ররে মারিয়া যাত্রা কৈল তিন জন।
মহীর পূজিতা দেবী কহেন তখন ॥
সাধিয়া রামের কার্য্য চলিলা সত্বর।
কে করিবে সেবা মম পাতাল-ভিতর।
এত শুনি হনুমান করি নমস্কার।
দেবীরে পাতাল হৈতে করিল উদ্ধার।
হইয়া হরিষযুক্ত চলে তিন জন।
আগে রাম, পাছে হনু, মধ্যেতে লক্ষ্মণ ॥
সুড়ঙ্গের পথেতে উঠিলা তিন জন।
কৃত্তিবাস বিরচিল গীত রামায়ণ ॥
রাম-লক্ষ্মণে পা'য়া সুগ্রীব-বিভীষণ।
জাম্বুবানে দিল কোল এই তিন জন ॥
হনুর প্রশংসা করে শ্রীরাম-লক্ষ্মণ।
কোল দেন তাহারে সুগ্রীব বিভীষণ ॥
জাম্বুবান কোল দিয়া কৈল আলিঙ্গন।
ধন্য হনুমান বলে যত কপিগণ ॥
দুই প্রহর আকাশে যবে দিবাকর।
সিংহনাদ ছাড়ে তবে ভল্লুক-বানর ॥

চারি দ্বার চাপি বানরের সিংহনাদ।
শুনিয়া রাবণ রাজা গণিলা প্রমাদ ॥
মহীরাবণ পড়িল শুনে দশানন।
জীবনের আশা ছাড়ি করিছে ক্রন্দন।
রামায়ণে গাইল পণ্ডিত কৃত্তিবাস।
যেই জন শুনে তার পূরে অভিলাষ ॥

—

### রাবণের তৃতীয় দিবস যুদ্ধে গমন

রাম যা কর নিজ গুণে,
আমি ভজন সাধন জানিনে।
মিছে গেল দীনের দিন,
না হ'ল ভজন, ঘেরিল শমনে ॥
যা কর হে রামচন্দ্র জগতগোসাঁই।
তোমা বিনে আমার
ত্রিভুবনে কেহ নাই ॥
মায়ানদীর তীরে আছি রাম
তোমার চরণ করে সার।
ও রাঙ্গা চরণ তরণী করে রাম
আমায় কর হে পার ॥
স্ত্রীলোকের ক্রন্দন উঠিল ঘরে ঘরে।
অভিমানে শোকে মত্ত রাজা লঙ্কেশরে ॥
যুঝিবার তরে সাজে রাজা দশানন।
সর্ব্বাঙ্গে ভূষিত কৈল রাজ-আভরণ ॥
ভয়ে অভিমানে রাজা আঁখি ছলছল।
কোপমনে যুঝিতে চলিলা রণস্থল ॥
আপনি করিছে সাজ লঙ্কা-অধিকারী।
মেঘের বরণ অঙ্গে ধবল উত্তরী ॥
দশমুণ্ডে রতনমুকুট সারি সারি।
মৃগমদে পরিলেক সুগন্ধ কস্তুরী ॥
নানা অলঙ্কারে করে ভুবন উজ্জ্বল।
দশ ভালে দশ মণি করে ঝলমল ॥

ইন্দ্র আদি দেবতা জীবনে আজ্ঞাকারী।
মরিয়া বৈকুণ্ঠে আমি যাব সর্ব্বোপরি॥
না বুঝিয়া ভাগ্যহীন কহিলে আমারে।
আমা সম ভাগ্যবান নাহিক সংসারে॥
দেখিব করিয়া যুদ্ধ মরি কিবা মারি।
ক্রন্দন সম্বরি গৃহে যাহ মন্দোদরী॥
মরণ নিকটে যার কি করে ঔষধে।
না রহে রাবণ মন্দোদরীর প্রবোধে॥
স্বামী প্রদক্ষিণ করি পড়িল মঙ্গল।
মন্দোদরী-চক্ষে জল করে ছলছল॥
অন্তরে জানিয়া রাণী কান্দিলা প্রচুর।
শত শত সতিনীতে নিল অন্তঃপুর॥
অষ্টাদশ বৃহন্দের বাহিরে রাবণ।
সারথি সাজায়ে রথ যোগায় তখন॥
কনক-রচিত রথ সুগঠন চাকা।
উপরেতে শোভা করে ধ্বজের পতাকা॥
বিচিত্র নির্ম্মাণ রথ সাজিল প্রচুর।
রথের উপরে রাজা সংগ্রামের শূর॥
দশানন বলে অস্ত্রধারী যত জনে।
ছোট বড় সাজিয়া আসুক মম সনে॥
মহীরাবণ পড়িল বংশ-চূড়ামণি।
কারে আর পাঠাইব, যাইব আপনি॥
যতেক আছিল সৈন্য লঙ্কার ভিতর।
সাজিয়া রাবণ-সঙ্গে চলিল সত্বর॥
পশ্চিম দ্বারেতে আছে শ্রীরাম-লক্ষ্মণ।
যুঝিবারে সেই দ্বারে গেলেন রাবণ॥
হাতে ধনু রাম ভ্রমিছেন রণস্থলে।
লঙ্কা তোলপাড় বানরের কোলাহলে॥
কোলাহল শুনি রাজা আইল ত্বরিতে।
ভুবনবিজয়ী ধনুর্ব্বাণ করি হাতে॥
চারি-চাকা রথখান অষ্ট ঘোড়া টানে।
কনক-রচিত রথ মোহে ত্রিভুবনে॥
হেন রথে উঠে যুঝে রাজা দশানন।
শ্রীরাম-উপরে বাণ করে বরিষণ॥
রথোপরে রাজা যুঝে, রাম ভূমিতলে।
দেবগণ কম্পমান গগনমণ্ডলে॥
লইয়া ব্রহ্মার আজ্ঞা যতেক অমর।
রাম লাগি রথ পাঠাইল পুরন্দর॥
স্বর্গ হৈতে আসে রথ পড়িছে বিজলী।
রথে নোঙাইয়া মাথা সারথি মাতলি॥
ইন্দ্র পাঠাইল রথ দিব্য ধনুঃশর।
আর এক পাঠাইল সুবর্ণ টোপর॥
মারি প্রভু রাবণে দেবের কর হিত।
ত্রিভুবনে কীর্ত্তি রাখ রামায়ণ গীত॥
রাম লক্ষ্মণ সুগ্রীব রক্ষ বিভীষণ।
আচম্বিতে রথ দেখি চমকিত মন॥
কোথাকার রথখান কাহার মাতলি।
রাবণ-প্রেরিত রথ মায়ার পুত্তলী॥
রামেরে জিনিতে নারে দুষ্ট দশস্কন্ধ।
রথে তুলি কোথা লবে করিয়ে প্রবন্ধ॥
কৃত্তিবাস পণ্ডিত কবিত্বে বিচক্ষণ।
রথ দেখি রাম-সৈন্য ভাবে মনে মন॥

—

### শ্রীরামের সহিত রাবণের যুদ্ধ

রসনা, রামনাম ভুল না রে।
দেখ মিছে মায়াজালে, বদ্ধ করে কালে
ডুবায় অকূল-পাথারে॥ ধ্রু॥
ইন্দ্ররথ রাবণ দেখিয়া রণস্থলে।
চিন্তিত রাবণ রাজা টুটে আসে বলে॥
রথের সারথি রাম কৈল প্রদক্ষিণ।
রথে উঠে রঘুনাথ সংগ্রামে প্রবীণ॥
চিনিলা রাবণ রাজা ইন্দ্রের বিমান।
মনে মনে দশানন করে অনুমান॥

এইরূপ স্তব যদি করিলা রাবণ।
আর্দ্র হৈলা হৈমবতী মন উচাটন॥

—

### রাবণের স্তবে অভয়া সন্তুষ্ট হইয়া অভয় দান

স্তবে তুষ্ট হয়ে মাতা দিলা দরশন।
বসিলেন রথে কোলে করিয়া রাবণ॥
আশ্বাস করিয়া কন না কর রোদন।
ভয় নাই ভয় নাই রাজা দশানন॥
আসিয়াছি আমি আর কারে কর ডর।
আপনি যুঝিব যদি আসেন শঙ্কর॥
অসিতবরণা কালী কোলে দশানন।
রূপের ছটায় ঘটায় তিমিরনাশন॥
অলকা ঝলকে উচ্চ কাদম্বিনী কেশে।
তাহে শ্যামা রূপে নীল সৌদামিনী বেশে॥
কর-পদ-নখে শশী অনল প্রকাশে।
বিম্বফল-ফলিত অধরে মন্দ হাসে॥
শোক গেল রাবণের দুঃখ বিনাশনে।
হইল আহ্লাদচিত্ত দেবী দরশনে॥
নয়নে গলিত ধারা সবিনয়ে কয়।
বলে দয়াময়ী বিনে সদয় কে হয়॥
সাক্ষাতে করিয়া স্তব রাজা লঙ্কেশ্বর।
রাম-সনে সংগ্রামে চলিলা অতঃপর॥
ছাড়ে ঘন হুহুঙ্কার গভীর গর্জ্জনে।
বাণ বরিষণ করে তরল তর্জ্জনে॥
আগুসরি যুদ্ধে এল রাম-রঘুপতি।
দেখিলেন রাবণের রথে হৈমবতী॥
বিস্ময় হইয়া রাম ফেলে ধনুর্ব্বাণ।
প্রণাম করিলা তাঁরে করি মাতৃজ্ঞান॥
বিভীষণে কন তবে ত্রিলোকের নাথ।
রাবণ-বিনাশে মিতা হইল ব্যাঘাত॥
কার সাধ্য বিনাশিতে পারে দশাননে।
রক্ষিলা রাবণে আজি হরবরাঙ্গনে॥
রাবণের রথপানে চাহ বিভীষণ।
জলদবরণী-কোলে রাজা দশানন॥
দেখিয়া ধার্ম্মিক বিভীষণ সবিস্ময়।
প্রমাদ ঘটিল, কি হইবে দয়াময়॥
বিষণ্ণ হইয়া রাম বসিলা ভূতলে।
পরম বিমর্ষ হয়ে ভাবিত সকলে॥
তারা যদি করিলেন এমন ব্যাঘাত।
তবে আর কে করিবে দশাস্যনিপাত॥
উপায় নাহিক আর করিব কেমন।
দেখিয়া রামের চিন্তা চিন্তে দেবগণ॥
এ সময়ে হৈমবতী এই কি করিলা।
দেবারির বিনাশিতে আসি বাধা দিলা॥
বিধাতারে কহিলেন সহস্রলোচন।
উপায় করহ বিধি যা হয় এখন॥
বিধি কন, বিধি আছে চণ্ডী-আরাধনে।
হইবে রাবণ বধ অকাল-বোধনে॥
ইন্দ্র কন, কর তাই বিলম্ব না সয়।
ইন্দ্রের আদেশে ব্রহ্মা কহিবারে যায়॥

—

### রাবণ-বধের নিমিত্ত ব্রহ্মা কর্ত্তৃক বোধন ও ষষ্ঠ্যাদি কল্পারম্ভ

রাবণের বধে আর শ্রীরামের হিতে।
উপনীত হন ধাতা লঙ্কার ভূমিতে॥
এই দুই কর্ম্ম ব্রহ্মা করিতে সাধন।
অকালে শরতে কৈলা চণ্ডীর বোধন॥
দেবগণ সহিতে পূজিলা মহামায়।
এক্ষণে চিন্তিত রাম কি করি উপায়॥
আমা হৈতে নাহি হৈল রাবণ-সংহার।
জনকনন্দিনী সীতা না হৈলা উদ্ধার॥
মিথ্যা পরিশ্রম কৈনু সঞ্চয় বানর।
মিথ্যা কষ্টে করিলাম বন্ধন সাগর॥

এক বৃন্দ আওয়াস দেখিতে রূপস।
চালে শোভা করিতেছে রত্নের কলস॥
রত্নময় ঘরখান ধরে নানা জ্যোতি।
এই ঘরে থাকুক সুগ্রীব নরপতি॥
আর আওয়াস দেখ নির্ম্মল কাঞ্চন।
তিন কোটি রাক্ষসে থাকুন বিভীষণ॥
দেখ এই ঘরে মণিমাণিক্য-পাথর।
থাকুক সৈন্যের সহ বালির কোঙর॥
আর যে আবাস দেখ মুকুতা গঠনি।
এইখানে হনুমান থাকুক আপনি॥
সিন্ধুনদতীরে আর সরযুর তীরে।
এত দূর চাপি বৈসে রাক্ষস-বানরে॥
সিন্ধুনদ সরযূতে চল্লিশ যোজন।
এত দূর ব্যাপিয়া রহিল সৈন্যগণ॥
কহেন ভরত গিয়া সুগ্রীবের ঘর।
কালি ছত্রদণ্ড ধরিবেন রঘুবর॥
পুনর্ব্বসু নক্ষত্র যে পূর্ণ চৈত্রমাস।
শ্রীরাম হবেন রাজা আজি অধিবাস॥
অন্য দ্রব্য আনিব সে কোন্ কার্য্য গণি।
আনিতে নারিব চারি সাগরের পানি॥
দিলাম চারিটি রত্ননির্ম্মিত কলসী।
চারি সাগরের জল আন নহে বাসী॥
সাত শত নদী আছে পৃথিবী-মণ্ডলে।
শ্রীরামের অভিষেক হবে সেই জলে॥
সাত শত স্বর্ণকুম্ভ দিনু তব ঠাঁই।
সকল নদীর জল যেন কাল পাই॥
সুগ্রীব বানর পানে চাহে কটাক্ষেতে।
ধাইয়া বানরসৈন্য কুম্ভ নিল হাতে॥
রাজা বলে সাগরের জলে চিহ্ন আছে।
খালিজুলি-জল আনি ভাণ্ডাও হে পাছে॥
পাঠাইলা সুগ্রীব বানর চতুর্ভিত।
অধিবাস রামের করেন পুরোহিত॥

বশিষ্ঠ নারদ উচ্চারেন বেদধ্বনি।
অখিল ভুবনে শব্দ রামজয় শুনি॥
রামসীতা উপবাসে রহেন দুজনে।
পুরীশুদ্ধ সকলে রহিল জাগরণে॥
রামসীতা দুই জনে কহেন কাহিনী।
আর এক দিন প্রভু ছিলাম এমনি॥
শুনিয়া সীতার কথা শ্রীরামের হাস।
মধুর বচনে তাঁরে করেন সম্ভাষ॥
পূর্ব্বদিনে রামসীতা ছিলা পরিমিত।
পরদিন রাম রাজা হন শাস্ত্রমত॥
প্রভাত হইল, পূর্ব্বদিকের প্রকাশ।
বানর কলসী হাতে উঠিল আকাশ॥
অগ্নি হেন উড়ি যায় নীল যে বানর।
চক্ষুর নিমিষে গেল সে পূর্ব্বসাগর॥
অযোধ্যা পূর্ব্বসাগর চারি শত যোজন।
রামের তেজে নীল বীর গেল ততক্ষণ॥
কলসী ভরিয়া থুইল সাগরের ঘাটে।
চিহ্ন চাহি নীল বীর বেড়ায় তার তটে॥
রক্তচন্দনের ডাল দিলেক ঢাকনি।
সুগ্রীবের কাছে থুইল প্রভাত-রজনী॥
জাম্বুবান তার বাক্যে শৌর্য্যে করি ভর।
চক্ষুর নিমিষে গেল পশ্চিমসাগর॥
অযোধ্যা পশ্চিমসাগর আটাশ যোজন।
শ্রীরামের তেজেতে সে গেল ততক্ষণ॥
কলসা ভরিয়া থুইল সাগরের পারে।
চিহ্ন চাহিয়া বুড়া ভ্রমে উভরড়ে॥
দেবদারু ডাল ভাঙ্গি আচ্ছাদিল পানী।
সুগ্রীবের কাছে থুইল প্রভাত-রজনী॥
দক্ষিণ সাগরে গেল নল মহাবীর।
যেখানে সে বান্ধিয়াছে সমুদ্রগভীর॥
দক্ষিণসাগর পাঁচ শত যে যোজন।
শ্রীরামের তেজে নল গেল ততক্ষণ॥

এতেক বলিয়া ব্রহ্মা গেলা নিজ স্থানে।
দুই ভাই কুম্ভকর্ণে স্কন্ধে করি আনে ॥
বিশ্বশ্রবা-ঘরেতে আইল তিনজন।
রাবণ পাইল বর কাঁপে ত্রিভুবন ॥
সুমালী শুনিয়া তাহা অতি হরষিত।
পাতাল হইতে তারা উঠিল ত্বরিত ॥
সুমালী রাক্ষস উঠে লয়ে পরিজন।
সহোদর মারীচ প্রহস্ত অকম্পন ॥
নিজ:পরিবার লয়ে উঠে মাল্যবান্।
বজ্রমুষ্টি বিরূপাক্ষ ধূম্র খরশাণ ॥
ছিল মাল্যবানের তনয় চারিজন।
ধার্ম্মিক সে চারিজন নিল বিভীষণ ॥
মাল্যবান্ কোল দিয়া কহে দশাননে।
পুনঃ উঠিলাম সবে তোমার কল্যাণে ॥
যেকালে তোমার বাপে কন্যা দিনু দান।
সেই দিন ভাবি দুঃখে পাব পরিত্রাণ ॥
বিষ্ণুভয়ে হয়েছিনু পাতালনিবাসী।
তোমার ভরসা পেয়ে পৃথিবীতে আসি ॥
রাক্ষসের রাজ্য সে কনক-লঙ্কাপুরী।
হয়েছে সে লঙ্কায় কুবের অধিকারী ॥
কুবের-সমীপে দূত পাঠাও একজন।
লঙ্কাপুরী ছেড়ে যাক, নহে দিক রণ ॥
অনায়াসে এরূপ রহিবে কতকাল।
লঙ্কাপুরী কেড়ে লয়ে কর ঠাকুরাল ॥
রাবণ বলে মাতামহ কি কহ আপনি।
জ্যেষ্ঠ ভাই মহাগুরু পিতৃতুল্য জানি ॥
জ্যেষ্ঠ সঙ্গে বিসম্বাদ কোন্ জন করে।
হেন বাক্য না বলিও সভার ভিতরে ॥
রাবণ এতেক যদি কহে মাল্যবানে।
প্রহস্ত ডাকিয়া বলে সভা বিদ্যমানে ॥
কুবেরের মান্য রাখ জ্ঞাতিগণ দুঃখী।
ত্রিভুবনে কে আছে ভ্রাতার সুখে সুখী ॥
দেখ দেব দানব গন্ধর্ব্ব দৈত্যগণ।
ভ্রাতাকে মারিয়া রাজ্য লয় কত জন ॥
তাহার প্রমাণ দেখ কহি তব স্থান।
মন দিয়া শুন তবে তাহার বিধান ॥
বৈমাত্রেয় ভাই মারে দেব পুরন্দর।
ভাই মারি স্বর্গেতে হইল দণ্ডধর ॥
গরুড়ের ভাই নাগ সর্ব্বলোকে জানে।
গরুড় পাইলে খায় হেন সর্পগণে ॥
সর্ব্বজন ভাই মেরে করে ঠাকুরাল।
ভায়ের গৌরব কে রেখেছে কতকাল ॥
গুরু বলি মান কিন্তু জ্ঞাতি-মনোদুঃখ।
কুবের প্রভুত্ব করে তোমার কি সুখ ॥
পূর্ব্বে জননীকে তুমি দিয়াছ আশ্বাস।
জিনিয়া লইব লঙ্কা কুবেরের পাশ ॥
ভুলিলে সে-সব কথা তুমি কি কারণ।
ইহা শুনি উদ্যোগী হইল দশানন ॥
তখনি ডাকিয়া দূতে কহিছে রাবণ।
দূত তুমি যাহ শীঘ্র কহ বিবরণ ॥
রাবণের দূত গিয়া নোয়াইল মাথা।
জোড়হাতে কুবেরের স্থানে কহে কথা ॥
রাক্ষসের রাজ্য এই কনক-লঙ্কাপুরী।
এ স্থানে কেমনে রবে ধন-অধিকারী ॥
আপনা গৌরব রাখ রাবণ-সম্মান।
ছাড়িয়া কনক-লঙ্কা যাহ অন্য স্থান ॥
দুরন্ত রাক্ষস-জাতি বুদ্ধি বিপরীত।
লঙ্কা দিয়া রাবণের করহ পিরীত ॥
মাতামহ-রাজ্য তাই অধিকার করে।
কি সম্পর্কে আছ তুমি লঙ্কার ভিতরে ॥
রাবণ-গৌরব রাখ শুন ধনেশ্বর।
ছাড়িয়া কনক-লঙ্কা যাহ স্থানান্তর ॥
রাবণের দূত যদি এতেক কহিল।
কুবের পিতার কাছে সব জানাইল ॥

রাবণ আমার হয় সম্বন্ধেতে নাতি।
নাতি-দান দিলে তবে পাই অব্যাহতি ॥
রাখিয়াছ বন্ধ করি শুনি বন্দীশালে।
হস্ত-পদ বদ্ধ নাকি লোহার শিকলে ॥
আমার গৌরব রাখ, করহ সম্মান।
আমারে করিয়া ক্ষমা দেহ নাতি-দান ॥
এতেক শুনিয়া রাজা মুনির বচন।
পাত্রেরে বলিল, ঝাট আনহ রাবণ ॥
দুই পাত্র কারাগারে গেল দিয়া রড়।
খসাইল রাবণের গলার নিগড় ॥
কুড়ি হাত রাবণের বদ্ধ জোড়ে জোড়ে।
রাজার আজ্ঞায় সে সমস্ত বন্ধ কাড়ে ॥
খসাইল পায়ের দাঁড়াকু দৃঢ়তর।
ঘুচাইল রাবণের বুকের পাথর ॥
কুড়ি হাত জুড়িয়া বান্ধিয়াছিল চামে।
করিল বন্ধন-মুক্ত সে-সকল ক্রমে ॥
রাবণে আনিয়া দিল মুনি-বিদ্যমানে।
মাথা তুলি না চাহে রাবণ অপমানে ॥
স্নান করাইয়া পরাইল দিব্য বাস।
দিব্য অলঙ্কার দিল মাণিক প্রকাশ ॥
সুগন্ধি চন্দন পুষ্প দিল বিভূষণ।
পুলস্ত্যমুনির করে করে সমর্পণ ॥
মুনির বচনে তথা ধর্ম্ম-অগ্নি জ্বালি।
অর্জ্জুনে-রাবণে করাইলেন মিতালি ॥
পুলস্ত্য গেলেন স্বর্গে, দশানন লঙ্কা।
মুনির প্রসাদে দূরে গেল তার শঙ্কা ॥
বলেন অগস্ত্য মুনি, দেখ রঘুবর।
অর্জ্জুনের পিতা তপ করিল বিস্তর ॥
আপনি দিলেন বর তাঁরে নারায়ণ।
অর্জ্জুন স্বরূপ আমি তোমার নন্দন ॥
তোমার অর্জ্জুন যে সহস্র হাত ধরে।
হেন অর্জ্জুনেরে কেহ জিনিতে না পারে ॥
বলাবল নাহি তথা নাহি ডাকা চুরি।
রাজ্যেতে কোটাল নাহি আপনি প্রহরী ॥
হারাইলে ধন পায় অর্জ্জুন-স্মরণে।
চন্দ্রবংশে রাজা নাই তাঁর সম গুণে ॥
চরাচরে মহাবীর বিষ্ণু অংশধর।
সে অর্জ্জুন রাজারে মারেন ভৃগুবর ॥
অনিত্য শরীর নিত্য বলি মান বৃথা।
অর্জ্জুনের এই দশা অন্যে কিবা কথা ॥
অর্জ্জুনের কীর্ত্তিতে আবৃত এ সংসার।
কৃত্তিবাস রচেন অর্জ্জুন-অবতার ॥

---

### বালি-রাবণের যুদ্ধ

শুনিয়া মুনির বাক্য রামের উল্লাস।
'কহ কহ' বলি রাম করেন প্রকাশ ॥
সেথা হৈতে আর কোথা গেল দশানন।
কহ কহ শুনি প্রভু অপূর্ব্ব কথন ॥
মুনি বলে সদা দুষ্ট যুদ্ধ-চিন্তা করে।
বালির নিকটে গেল কিষ্কিন্ধ্যানগরে ॥
ভুবন জিনিয়া ভ্রমে, নাহি অবসাদ।
বালির দুয়ারে গিয়া ছাড়ে সিংহনাদ ॥
বালির দুয়ারে দেখে অনেক বানর।
আপনার পরিচয় কহে লঙ্কেশ্বর ॥
লঙ্কার রাবণ আমি দশ মুণ্ড ধরি।
বালি সহ যুঝিবারে তেঁই বাঞ্ছা করি ॥
বলিল বানরগণ, ওরে দুরাচার।
এমন বচন মুখে না আনিস্ আর ॥
হইলে বালির সনে তোর দরশন।
দশ মুণ্ড খণ্ড করি বধিবে জীবন ॥
যে বীর করিয়া দর্প যুদ্ধ চাহে আসি।
হেথা দেখ তা-সবার হাড় রাশি রাশি ॥
সন্ধ্যা করিতেছে বালি দক্ষিণ সাগরে।
কিছুকাল থাক যদি যাবে যমঘরে ॥

উভয়ের ন্যায়ে এক পক্ষে পক্ষপাতী।
কুম্ভীপাকে ফেলে তারে করিয়া আঘাতী॥
বিজিতেরে জিনায় যে হইয়া সপক্ষ।
যমদূতে মারে তারে কহিতে অশক্য॥
চুরি-ডাকা করে যে না করে লোকহিত।
যমদূতে তাহারে প্রহারে বিপরীত॥
লোকপীড়া দিয়া যে তুষিয়াছে ঈশ্বর।
পায় সে কুকুর-জন্ম সহস্র বৎসর॥
লোক রক্ষা করিয়া যে রাজা করে নাশ।
পাইয়া শৃগাল-জন্ম খায় মৃত-মাস॥
না চিন্তিয়া রাজহিত চিন্তে প্রজাহিত।
বিষম প্রহার করে তাহারে উচিত॥
ব্রহ্মহত্যা সুরাপান করে যেই জন।
বিষম যাতনা ভোগ করে অনুক্ষণ॥
মরণে মরণ নাহি দুঃখ মাত্র সার।
কর্ম্মভোগে ভুঞ্জে লোক না দেখি নিস্তার॥
পাতকী জনের সহ যে জন সম্ভাষে।
ধার্ম্মিকের ধর্ম্ম লোপ হয় সেই দোষে॥
রাজা হয়ে প্রজা প্রতি না করে পালন।
পরলোকে নরক তাহার অখণ্ডন॥
পুত্রপালনেতে যদি রাজা পালে প্রজা
কোটি-কল্প স্বর্গসুখ ভুঞ্জে সেই রাজা॥
অর্থের লোভেতে হয় দেবল ব্রাহ্মণ।
শুদ্ধমতি যে জন সে না করে পূজন॥
যেবা হরে দেবস্ব বা করে দুরাচার।
দেবলিয়া ব্রাহ্মণের নাহিক নিস্তার॥
হাতে করি ঘৃত দেয় নৈবেদ্য-উপর।
সেই ঘৃত উঠে তার নখের ভিতর॥
সে ঘৃত অন্নের তাপে উনাইয়া পড়ে।
অন্নসহ ঘৃত যায় শরীর-ভিতরে॥
শাস্ত্রে আছে সঘৃত নৈবেদ্য করে পূজা।
সে পাপে ব্রাহ্মণ হয় কালিঞ্জরের রাজা॥

এ সকল কথা শুনি লাগে চমৎকার।
দেবল ব্রাহ্মণের যে নাহিক নিস্তার॥
যে জন করিয়া ঋণ না করে শোধন।
তার পিতৃলোকের যে যমের তাড়ন॥
বিঘত-প্রমাণ পোকা যে বিষ্ঠার কুণ্ডে।
তথির উপরি ফেলে ধরি তার মুণ্ডে॥
প্রতপ্ত তৈলের কুণ্ডে আগুন উথাল।
তথির উপরে ফেলে, যায় গার ছাল॥
অগ্নিমধ্যে সাঁড়াশি তাতায় ভালমতে।
তাহা দিয়া গাত্র-মাংস কাটে যমদূতে॥
ইত্যাদি নরক ভোগ করে বহুবার।
ব্রহ্মস্বের পাপে তার নাহিক নিস্তার॥
পরহিংসা করে যেবা সুজনেরে নিন্দে।
চামদড়ি দিয়া তারে যমদূতে বান্ধে॥
গলায় বঁড়শি দিয়া করে টানাটানি।
খণ্ডা দিয়া তাহার মাথায় হানাহানি॥
ছোট কাঁটা দিয়া তারে বড় কাঁটায় লয়।
গলায় গলগণ্ড তার বড়ই সংশয়॥
যেই যত পরদার করেছে ভূলোকে।
সে-ই কুম্ভীপাকে পড়ি ডুবিছে নরকে॥
সুতপ্ত তৈলের কুণ্ড অগ্নির উথাল।
তাহাতে ধরিয়া ফেলে, যায় গার ছাল॥
লোহার ডাঙ্গস দূত মারে গোটা গোটা।
রুষিয়া ডাঙ্গস মারে তায় লৌহ-কাঁটা॥
সর্ব্বাঙ্গ ছেদনেতে তাহার পচে মাংস।
অর্ব্বুদ অর্ব্বুদ পোকা খুলে খায় অংশ॥
হাতে গলে বান্ধে তার দিয়া চর্ম্মদড়ি।
মাথার উপরে তুলি মারে লোহার বাড়ি॥
মস্তক ফাটিয়া যায় রক্ত পড়ে ধারে।
পরিত্রাহি ডাকে তারা দারুণ প্রহারে॥
পদাঘাতে মাথা চিরে রক্ত পড়ে স্রোতে।
বিষম প্রহার তারে করে যমদূতে॥

তোমার বাণেতে ভাই কারো নাহি রক্ষা।
সহোদরা ভগ্নী রাঁড়ী কৈলে সুর্পণখা॥
তার স্বামী মারিলে হইয়া মহারাজ।
মোরে রাণ্ডী করি ভাই সাধিবে কি কাজ॥
ধর্ম্মপথে রহিয়াছে পতি সে আমার।
সম্মুখে দাণ্ডায়ে এই ভাগিনা তোমার॥
হইলে তোমার কোপ কম্পে দেবগণ।
অনন্ত বাসুকি ভাগে, দৈত্য কোন্ জন॥
কোপ ছাড়ি মোর তরে, স্বামী দেহ দান।
লবণ নামেতে পুত্র দেখি বিদ্যমান॥
কুড়িপাটি দন্ত মেলি দশানন হাসে।
কেতকী কুসুম যেন ফুটে ভাদ্রমাসে॥
দশানন বলে আমি না মারিব প্রাণে।
ইন্দ্র জিনিবারে যদি আসে মোর সনে॥
কুম্ভনসী চলিল রাবণ-আজ্ঞা পেয়ে।
শুয়ে ছিল মধুদৈত্য তথা গেল ধেয়ে॥
কুম্ভনসী ধেয়ে যায় আলুয়িত-কেশ।
নিদ্রা ভাঙ্গি উঠে দৈত্য নাহি ক্ষোভ-রেশ॥
ঘূর্ণিত লোচনে দৈত্য শয্যোপরি বৈসে।
কুম্ভনসী-ত্রাস দেখি তাহারে জিজ্ঞাসে॥
আচম্বিতে মথুরায় কেন গণ্ডগোল।
গড়ের বাহিরে কেন কটকের রোল॥
কুম্ভনসী বলে তুমি না জান কারণ।
তোমারে বধিতে আসে লঙ্কার রাবণ॥
লঙ্কা হৈতে তুমি বলে আনিলে আমারে।
সেই কোপে আইল তোমারে কাটিবারে॥
দৈত্য বলে শীঘ্র আন শঙ্করের শূল।
সবংশে রাবণে আজি করিব নির্ম্মূল॥
শুনিয়া দৈত্যের কথা কুম্ভনসী কয়।
রাবণের সনে বাদ মরণ নিশ্চয়॥
থাকুক তোমার কার্য্য, না পারে বিধাতা।
রাবণের সঙ্গে বাদ অন্যের কি কথা॥
রাবণের দোষ নাই, তুমি সর্ব্বদোষী।
আমারে আনিলে হরে তিন প্রহর নিশি॥
অবিচার কর্ম্ম কেন করিলে আপনে।
আপনি করহ কোপ কিসের কারণে॥
রাবণের কাছে আমি গিয়াছিনু আগে।
তুষ্ট করি আসিয়াছি মিষ্ট অনুযোগে॥
তুষ্ট হয়ে কহিল আমার বিদ্যমানে।
দৈত্য এসে সম্ভাষ করুক মোর সনে॥
প্রধান কুটুম্ব তব হয় মম ভ্রাতা।
আদরে বাটীতে আন কয়ে মিষ্ট কথা॥
পূর্ব্ব কোপে যদি কিছু কহে মোর ভাই।
সহ্য-সমাবেশ কর তাহে ক্ষতি নাই॥
কুম্ভনসী-কথা শুনি মধুদৈত্য হাসে।
জোড়হাত করি গেল রাবণের পাশে॥
রাবণ বলে করেছিলে বড়ই প্রমাদ।
আমার ভগিনী আন এত বড় সাধ॥
স্বর্গ মর্ত্ত্য পাতালে আমারে করে ডর।
যম নাহি যায় ভয়ে লঙ্কার ভিতর॥
কত বল ধর তুমি, কত আছে সেনা।
কোন্ সাহসেতে দেহ লঙ্কাপুরে হানা॥
তোমা বান্ধি লইতাম সাগরের পার।
ভস্মীভূত করিতাম মথুরা তোমার॥
ভগ্নী আসি বিস্তর কাঁদিল ধরে পায়।
ভগ্নীরে কাতর দেখি ক্ষমিলাম তায়॥
মধুদৈত্য রাবণের বন্দিল চরণ।
জোড়হাত করি বলে শুনহ রাবণ॥
তোমার সংগ্রাম হরিহরে করে ভয়।
আমারে করহ কোপ উপযুক্ত নয়॥
হীনবীর্য্য দৈত্য আমি, তুমি মহাবল।
অপরাধ ক্ষমা কর আমার সকল॥
পরম পণ্ডিত তুমি লঙ্কার ঈশ্বর।
আমার মথুরা তব ভোগের ভিতর॥

ইন্দ্র বলে কুম্ভকর্ণ ছাড় অহঙ্কার।
বজ্র-অস্ত্রে আমি তোরে করিব সংহার॥
মহামন্ত্র পড়ে ইন্দ্র বজ্রবাণ ফেলে।
লাফ দিয়া কুম্ভকর্ণ বজ্র-অস্ত্র গিলে॥
বজ্র-অস্ত্র গিলি বীর ছাড়ে সিংহনাদ।
দেখি যত দেবগণ গণিলা প্রমাদ॥
চলিল যে কুম্ভকর্ণ দেবতা গিলিতে।
ভয়েতে দেবতাগণ ভাগে চারিভিতে॥
সৃষ্টি-নাশ-হেতু তারে সৃজিলা বিধাতা।
চারিভিতে লাফ দিয়া গিলিছে দেবতা॥
অমর দেবতাগণ নাহিক মরণ।
নাসিকা কর্ণের পথে পলায় তখন॥
শ্রবণ-নাসিকা-পথ ঘরের দুয়ার।
তাহা দিয়া দেবগণ বেরয় অপার॥
স্বর্গ হৈতে দেবগণে আছাড়িয়া ফেলে।
হাত পা ভাঙ্গিয়া যায় পড়ে ভূমিতলে॥
কুম্ভকর্ণ-রণে কারো নাহি অব্যাহতি।
হইল সমর স্বর্গে সমুদয় রাতি॥
এক দিন-রাত্রি মাত্র কুম্ভকর্ণ জাগে।
কুম্ভকর্ণ নিদ্রা গেলে দেব সুখ ভোগে॥
ছয়মাসে কুম্ভকর্ণ জাগে একদিন।
রজনী প্রভাত হৈলে সবে ভয়হীন॥
রাত্রি পোহাইল বীর নিদ্রায় বিভোল।
এতক্ষণে রক্ষা পাইল দেবতা-সকল॥
কুম্ভকর্ণ নিদ্রা গেল রাবণ চিন্তিত।
রথে তুলি লঙ্কাপুরে পাঠায় ত্বরিত॥
ইন্দ্র-সহ রাবণের বাজে মহারণ।
দুইজনে নানা বাণ করে বরিষণ॥
দুইজনে বাণ মারে নাহি লেখাজোখা।
চারিদিকে বাণ ফেলে যার যত শেখা॥
দুইজন সম কেহ না পারে জিনিতে।
পদ্মাসন বাণ ইন্দ্র স্মরিলা মনেতে॥

ইন্দ্র বলে কৌতুক দেখহ দেবগণ।
পদ্মাসন বাণে বন্দী করিব রাবণ॥
ব্রহ্মমন্ত্র পড়ি ইন্দ্র পদ্মাসন এড়ে।
ব্রহ্ম-অস্ত্র রাবণের গায়ে গিয়া পড়ে॥
ছুঁলে মাত্র নিদ্রা যায় হেন পদ্মাসন।
রথোপরি রাবণ নিদ্রায় অচেতন॥
অচেতন হয়ে পড়ে রথের উপরে।
সকল দেবতা আসি বেড়ে রাবণেরে॥
লোহার শিকলে বান্ধে হাতে ও গলায়।
রাবণেরে বান্ধি লয় ঐরাবত-পায়॥
ধরণীতে লোটায় রাবণের দশ মাথা।
তাহার অবস্থা দেখি হাসেন দেবতা॥
হিচড়িয়া লয়ে যায় বুকে ছড় যায়।
ঐরাবত-দন্ত ঠেকে রাবণের গায়॥
খান খান হয় অঙ্গ দন্ত দিয়া চিরে।
পরিত্রাহি ডাকে রাজা বিষম প্রহারে॥
হরিষ দেবতাগণ জিনিয়া রাবণ।
শিরে হাত কান্দে যত নিশাচরগণ॥
রাবণ হইল বন্দী, মেঘনাদ দেখে।
রথে চড়ি মেঘনাদ উঠে অন্তরীক্ষে॥
মেঘনাদ গর্জ্জে যেন মেঘের গর্জ্জন।
ঘরে না যাইবি ইন্দ্র ফিরে দেহ রণ॥
রাবণকুমার আমি নাম মেঘনাদ।
আজিকার যুদ্ধে তোর পড়িল প্রমাদ॥
পিতারে করিলি বন্দী আমা-বিদ্যমানে।
বিনাশিব স্বর্গপুরী আজিকার রণে॥
গর্জ্জিতেছে মেঘনাদ থাকিয়া আকাশে।
মেঘনাদ-গর্জ্জনেতে ইন্দ্ররাজ হাসে॥
তোর ঠাঁই শুনিলাম অপূর্ব্ব কাহিনী।
পিতা হৈতে পুত্র বড় কোথাও না শুনি॥
এত যদি দুইজনে হৈল গালাগালি।
দুইজনে যুদ্ধ বাজে দোঁহে মহাবলী॥

পৃথিবীতে যত ছিল দুঃখিত ব্রাহ্মণ।
যজ্ঞের দক্ষিণা নিতে করিল গমন॥
স্বর্গলোক মর্ত্ত্যলোক আইল পাতাল।
দেবলোক নরলোক হইল মিশাল॥
ত্রিভুবনবাসী যত আইল অপার।
শত্রুঘ্ন মথুরা হৈতে হৈলা আগুসার॥
বশিষ্ঠ বিশিষ্ট আর সুমন্ত্র সারথি।
যজ্ঞের যতেক দ্রব্য করিল সঙ্গতি॥
যব ধান গোধূম যে আতপ তণ্ডুল।
দধি দুগ্ধ ঘৃত মধু আনিল বহুল॥
সূর্য্য যেন বসিল সভায় সব ঋষি।
পর্ব্বত-প্রমাণ চাহে তিল রাশি রাশি॥
তিন কোটি বৃন্দ চাহে শ্রীফলের কাঠ।
আইল সকল দ্রব্য যথা যজ্ঞবাট॥
বংশের প্রধান পাত্র সুমন্ত্র সারথি।
ইঙ্গিতে সকল দ্রব্য আনে শীঘ্রগতি॥
যখন ভরত রাজা যেই আজ্ঞা করে।
সেই দ্রব্য শত্রুঘ্ন জোগায় আনিবারে॥
শত্রুঘ্নের কটক যে দুই অক্ষৌহিণী।
যজ্ঞের যতেক দ্রব্য বহিল আপনি॥
যে রাক্ষস দেখিলে পলায় মুনিগণ।
সে রাক্ষস মুনির যে পাখালে চরণ॥
নৃত্য গীত মঙ্গল যে নানা বাদ্য শুনি।
অখিল-ভুবনে হয় রামজয়ধ্বনি॥
বহু যজ্ঞ করিল ভূপতি কোটি কোটি।
কাহারও না হইল এমত পরিপাটি॥
তুরঙ্গ নগর হৈতে আইল তুরঙ্গ।
তুরঙ্গ সওয়ার তার কত শত রঙ্গ॥
শ্যামবর্ণ অশ্ব, শ্বেতবর্ণ চারি খুর।
নানা অলঙ্কার শোভে সুহার কেয়ূর॥
লেজ শোভা করে যে ধবল চামর।
কপালে চামর তার অতি শোভাকর॥
সর্ব্ব গায় খানি খানি সুবর্ণ অদ্ভুত।
জলদমণ্ডলে যেন খেলিছে বিদ্যুত॥
স্বর্ণবর্ণ কর্ণ তার ধরে নানা জ্যোতি।
দুই চক্ষু জ্বলে যেন রতনের বাতি॥
গলে লোমাবলি যেন মকুতার ঝারা।
রাঙ্গা জিহ্বা মেলে যেন আকাশের তারা॥
জয়পত্র ঘোড়ার কপালেতে লিখন।
দিলেন শত্রুঘ্ন বীরে ঘোড়ার রক্ষণ॥
শ্রীরাম বলেন শুন শত্রুঘন ভাই।
যজ্ঞপূর্ণকালে যেন এই ঘোড়া পাই॥
দুই অক্ষৌহিণী ঠাটে যান শত্রুঘন।
সঙ্গেতে রঙ্গেতে চলে শত শত জন॥
বসিলেন রাম যজ্ঞস্থানে মুনিবেশে।
ছাড়িয়া দিলেন ঘোড়া ভ্রমে দেশে দেশে॥
পূর্ব্বদেশে গেল ঘোড়া বহুতর পথ।
নদ-নদী এড়াইল উঠিল পর্ব্বত॥
ঘোড়ার পশ্চাতে যায় বীর শত্রুঘন।
পর্ব্বত-উপরে ভ্রমে স্বেচ্ছায় গমন॥
পর্ব্বত সে নাম হয় বিরূপাক্ষ গিরি।
মহাবল সে রাজা পর্ব্বত নামধারী॥
রাজপুরে অগ্নিগড় জ্বলে চারিভিতে।
ঘোড়া গড় লঙ্ঘিয়া চলিল গগনেতে॥
গড়ের ভিতরে ঘোড়া করিল প্রবেশ।
হেনকালে শত্রুঘন গেলা সেই দেশ॥
সকল কটকে ঘোড়া চারিদিকে ঘেরে।
শত্রুঘ্ন কটক লয়ে রহিল বাহিরে॥
শত্রুঘ্নের কটক যে দুই অক্ষৌহিণী।
নিভাইল সে-সকল গড়ের আগুনি॥
গড়মধ্যে প্রবেশ করেন শত্রুঘন।
শত্রুঘ্নের সহিত রাজার বাজে রণ॥
রাম সম শত্রুঘন বীর-অবতার।
শত্রুঘ্নের বাণেতে রাজার চমৎকার॥

# পরিশিষ্ট

## চিত্রপরিচয়

কৃত্তিবাসী রামায়ণের এই সংস্করণে আমরা ভিন্ন ভিন্ন চিত্রকরের অঙ্কিত বহুসংখ্যক ছবি দিলাম। সমুদয় ছবি এক রীতিতে অঙ্কিত নহে। যাঁহারা চিত্রকলার অনুশীলন করেন, তাঁহারা এই সমস্ত চিত্রের সাহায্যে ভিন্ন ভিন্ন রীতির বিশেষত্ব ও উৎকর্ষাপকর্ষ উপলব্ধি করিতে পারিবেন।

কয়েকটি আখ্যায়িকার একাধিক চিত্র দেওয়া হইয়াছে। তাহাতে শিল্পীদিগের কল্পনার বিভিন্নতা ও শিল্পনৈপুণ্যের প্রভেদ বুঝা যাইবে।

### রাজা রুক্মাঙ্গদের একাদশী

রাজা রুক্মাঙ্গদের একাদশীতে খুব নিষ্ঠা ছিল। কোন সময়ে একাদশীর দিনে তাঁহার ক্রূরপ্রকৃতি কনিষ্ঠা রাণী মোহিনী তাঁহার পূর্ব্বপ্রদত্ত এক বর অনুসারে এই প্রার্থনা করেন যে হয় তুমি আজ আহার কর, নতুবা স্বহস্তে তোমার জ্যেষ্ঠা রাণীর গর্ভজাত পুত্রকে বলি দাও। রাজা উভয়সঙ্কটে পড়িয়া যখন পুত্রের শিরচ্ছেদ করিতে যাইতেছেন, এমন সময় মোহিনী অন্তর্হিতা হইলেন, বিষ্ণু আবির্ভূত হইয়া তাঁহাকে তাঁহার নিষ্ঠার উপযুক্ত ফল দান করিলেন। বলা বাহুল্য, কনিষ্ঠা রাণী মোহিনী মানবী ছিলেন না, রাজার নিষ্ঠা পরীক্ষা করিবার জন্য বিষ্ণুমায়াকর্ত্তৃক সৃষ্ট হইয়াছিলেন মাত্র। এই উপাখ্যানটি এই আকারে ত্রিবাঙ্কুড় দেশে চলিত আছে। তদনুসারে রবিবর্ম্মা এই ছবি আঁকিয়াছিলেন।

### কৈকেয়ী ও মন্থরা

শ্রীযুক্ত নন্দলাল বসু কর্ত্তৃক অঙ্কিত এই চিত্রে দোলায়মানচিত্তা কৈকেয়ীর মূর্ত্তি অঙ্কিত হইয়াছে। কুপরামর্শ দিয়া মন্থরাকে চলিয়া যাইতে দেখা যাইতেছে। এখনও কৈকেয়ীর হৃদয়ে মহানুভবতা এবং রাজমাতা হইবার দুষ্ট উচ্চাকাঙ্ক্ষার মধ্যে সংগ্রাম চলিতেছে। এই নারীজনানুচিত প্রলোভনের সময় তাঁহার সৌন্দর্য্যে কেমন একটা কঠোর, পরুষ, রুক্ষভাব আসিয়া পড়িয়াছে। শাড়ীর পাড়ের ঢেউখেলান বক্ররেখায় যেন তাঁহার মানসিক আন্দোলনের বাহ্য সূচনা আমরা দেখিতে পাইতেছি।

### বন্দিনী সীতা

শ্রীযুক্ত উপেন্দ্রকিশোর রায় চৌধুরী মহাশয় এই চিত্র বাল্মীকীয় রামায়ণের সুন্দরাকাণ্ডের অষ্টাবিংশ হইতে ত্রিংশ সর্গে লিখিত বৃত্তান্ত অনুসারে আঁকিয়াছেন। স্বর্গীয় হেমচন্দ্র বিদ্যারত্ন মহাশয়ের বঙ্গানুবাদ হইতে আমরা নিম্নে বর্ণনার একটি অংশ উদ্ধৃত করিয়া দিলাম:—

"জানকী রামকে স্মরণপূর্ব্বক এইরূপ বিলাপ ও পরিতাপ করিলেন। তাঁহার-মুখ শুষ্ক, সর্ব্বাঙ্গ কম্পিত হইতেছে। তিনি ঐ শিংশপাবৃক্ষের নিকটস্থ হইলেন। তাঁহার অন্তরে শোকানল যার-পর-নাই প্রবল; তিনি অনন্যমনে বহুক্ষণ চিন্তা করিলেন এবং পৃষ্ঠলম্বিত বেণী গ্রহণপূর্ব্বক কহিলেন, আমি শীঘ্রই কণ্ঠে বেণীবন্ধনপূর্ব্বক প্রাণত্যাগ করিব। পরে তিনি শিংশপাবৃক্ষের এক শাখা ধারণ করিলেন, এবং রাম, লক্ষ্মণ ও আত্মকুল পুনঃ পুনঃ স্মরণ করিতে লাগিলেন।"

* * * * * *

"হনুমান শিংশপাবৃক্ষে প্রচ্ছন্ন থাকিয়া এতক্ষণ সমস্তই শ্রবণ করিলেন।"

